An Easy Course Of
Functional English
With Model Questions & Answers
STUDENTS PUBLICATIONS

Written in accordance with the Syllabus as prepared by the Directorate of Primary Education for class-III of all Kindergarten, Primary school, High school and Madrashas in Bangladesh.

AN EASY COURSE OF FUNCTIONAL ENGLISH

[FOR CLASS – III]

WITH MODEL QUESTIONS & ANSWERS

WRITTEN BY

SALMA KHATUN

BA (Hons), MA, English.
Teacher, Master Mind School, ex-Teacher
Green Gems International School
Dhanmondi, Dhaka.

STUDENTS' PUBLICATIONS
16-17, BANGLABAZAR, DHAKA-1100

Published by :
Syed Ehtesham-ul Huq
B.Sc. (Hons.), M.Sc
Students' Publications
16-17, Banglabazar, Dhaka-1100
Phone : 02-7115385, 01915-650470
E-mail: shahsham 2530@ yahoo. com

First Published—January, 2002
Revised & Enlarged Published—January, 2014

[বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি কর্তৃক নির্ধারিত]
সর্বোচ্চ খুচরা মূল্য **(M.R.P) : Tk. 185.00 Only.**

Computer Composed at :
Fairs Computers
38, Banglabazar, Dhaka–1100

Printed by :
PrintBiz
10/4, Arambagh, Motijheel
Dhaka-1000
Phone : 02-7191081
Cell : 01924-716909

Founder's Name
Syed Mohammed Fazlul Huq
B.Sc. (Hons.)

Forewords

Everything in the present world is changing fast. Methods of teaching too are undergoing rapid changes resulting in intensified competition. Most of the English grammar books available at the markets at present are not carefully designed to match the needs of the modern time. Some of these are written by using difficult language and words unfamiliar to the children. Spelling errors are very common, not to mention the low quality of printing. We cannot expect for our children, the future of our nation, to have proper learning by reading these books. Besides, our local markets have no abundant supply of English grammar books published from other countries which represent alien culture. Keeping these facts in view and also to familiarize the children with our own tradition and culture our Publishing House, founded by **Syed Mohammed Fazlul Huq** B.Sc. (Hons) has published **AN EASY COURSE OF FUNCTIONAL ENGLISH.** We hope, reading of this book will help the children to widen their knowledge from their early age. If any error is found in this book which has escaped our eyes and any suggestion to make the quality of the book better, please inform us and it will be included in its later editions. We are deeply indebted to those who have given us advice and encouragement and also to those who have extended their cooperation in their ways in publishing this book.

Name MAHIN
School Shaheen Cadet School
Class .... Section Dewla Roll 4
Address X 4-5

Contents

Part : ONE

Part : TWO

Subject **Page**

Part : THREE

Part : FOUR

Part : FIVE

PART ONE

GRAMMAR

LESSON 1

LANGUAGE (ল্যাংগুয়েজ) ঃ ভাষা

- *Language অর্থ ভাষা।*
- *Language বা ভাষা মনের কথা ব্যক্ত করে।*
- *Language বা ভাষার মাধ্যমে মানুষ তার মনের ভাব অন্যজনের কাছে প্রকাশ করে থাকে।*
- *মানুষ ছাড়া অন্য কোন প্রাণি Language বা ভাষা বলতে পারে না।*

মানুষ বাগযন্ত্রের সাহায্যে অর্থময় ধ্বনি উচ্চারণ করে যেমন একে অন্যের কাছে মনোভাব ব্যক্ত করে থাকে তেমনি কাগজে লিখেও মনের ভাব প্রকাশ করে থাকে। মনের ভাব প্রকাশ করার জন্য মানুষ যা মুখে বলে বা কাগজ পত্রে লিখে তাই হল Language বা ভাষা।

Language বা ভাষা কাকে বলে?

যে সব অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষ মনের ভাব অপরের কাছে প্রকাশ করে থাকে তাকে Language বা ভাষা বলে।

[The meaningful sounds that express human thought is called language.]

উদাহরণ বা Examples : আমার নাম রতন – My name is Ratan.
আমি তৃতীয় শ্রেণিতে পড়ি – I am in class three.
সে আমার বোন – She is my sister.

Mother Tongue (মাদার টাং) ঃ মাতৃভাষা

- *Mother tongue অর্থ মাতৃভাষা বা মায়ের ভাষা।*
- *পৃথিবীর প্রত্যেক জাতি তাদের নিজ নিজ ভাষায় কথা বলে।*
- *যে জাতি যে ভাষায় কথা বলে সেটি তার মাতৃভাষা।*
- *আমরা বাংলাদেশের মানুষ যে ভাষায় কথা বলে মনের ভাব প্রকাশ করে থাকি তার নাম বাংলা ভাষা বা Bangla Language.*

  সুতরাং আমাদের মায়ের ভাষা অর্থাৎ মাতৃভাষা বাংলা।

Mother tongue বা মাতৃভাষা কাকে বলে?

মাতৃভূমির ভাষাকে Mother tongue বা মাতৃভাষা বলে।

[The language of motherland is called mother tongue.]

English Language (ইংলিশ ল্যাংগুয়েজ) ঃ ইংরেজি ভাষা

- *English Language* অর্থ ইংরেজি ভাষা।
- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নিউজিল্যান্ড, কানাডা ও অস্ট্রেলিয়ার প্রধান ভাষা ইংরেজি। এ ছাড়া পৃথিবীর বহু দেশে ইংরেজি ভাষা ব্যবহৃত হয়ে থাকে।
- ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা।

English language কি?

যুক্তরাজ্য এবং আরো অনেক ইউরোপীয় দেশের লোকেরা যে ভাষায় কথা বলে তার নাম English Language বা ইংরেজি ভাষা।

[The language spoken by the people of the United Kingdom and some other European countries is called English Language.]

উদাহরণ বা Examples : Who are you?
I am Arif.
How old are you?
I am six years old.

EXERCISE (অনুশীলনী)

1. ভাষা কাকে বলে? উদাহরণ দাও।
2. মাতৃভাষা কাকে বলে?
3. ইংরেজি ভাষা কাকে বলে? উদাহরণ দাও।

LESSON 2

GRAMMAR (গ্রামার) ঃ ব্যাকরণ

- *Grammar (গ্রামার) অর্থ ব্যাকরণ।*
- *Grammar বা ব্যাকরণে ভাষার রীতি–নীতি ও নিয়ম–কানুন লেখা থাকে।*
- *সব ভাষারই নিজস্ব Grammar বা ব্যাকরণ আছে।*
- *Grammar বা ব্যাকরণ পড়া ছাড়া কোন ভাষাই শুদ্ধভাবে পড়া বা লেখা যায় না।*

Grammar কাকে বলে?

মানুষ অনেক রকমের কথা বলে থাকে। তবে ঐসব কথা এলোমেলো হলে বা অর্থপূর্ণ না হলে তা ভাষা বা Language হয় না। তাই ভাষা সঠিকভাবে বলা অথবা লেখার জন্য কতকগুলো নিয়ম–কানুন মেনে চলতে হয়। এই নিয়ম–কানুনকে Grammar বলে।

অর্থাৎ ভাষা শুদ্ধরূপে পড়ার ও লেখার নিয়ম–কানুনকে Garmmar বা ব্যাকরণ বলে।

[The rules of reading and writing of a language correctly is called Grammar.]

English Grammar বা ইংরেজি ব্যাকরণ কাকে বলে?

যে বই পড়লে ইংরেজি ভাষা শুদ্ধরূপে পড়তে, লিখতে ও বলতে পারা যায় তাকে English Grammar বা ইংরেজি ব্যাকরণ বলে।

[The book which gives us the knowledge of reading, writing and speaking English correctly is called English Grammar.]

English Grammar–এর প্রয়োজনীয়তা কি?

ইংরেজি ভাষা শুদ্ধরূপে লিখতে, পড়তে ও বলতে হলে English Grammar পড়া একান্ত দরকার।

[To read, write and speak English correctly it is necessary to read English Grammar.]

EXERCISE (অনুশীলনী)

1. Grammar কাকে বলে?
2. English Grammar কাকে বলে?
3. English Grammar–এর প্রয়োজনীয়তা কি?

LESSON 3

LETTER AND ALPHABET

(লেটার এণ্ড অ্যালফ্যাবেট) ঃ বর্ণ ও বর্ণমালা

Letters (লেটারস) ঃ বর্ণগুলো

- *Letter অর্থ বর্ণ বা অক্ষর।*
- *কতকগুলো চিহ্নের সাহায্যে Letter বা বর্ণ লেখা হয়।*
- *Letter ছাড়া Word বা শব্দ হয় না।*
- *Letter দ্বারা গঠিত Word বা শব্দ ছাড়া ভাষা লেখা যায় না।*

A	D	E
B	P	O

Letters

P.P. ✍ **Letter বা বর্ণ কাকে বলে?**

(শব্দ এবং ভাষা লেখার জন্য যে সকল চিহ্ন ব্যবহার করা হয় তাদেরকে Letter বা বর্ণ বলে;) যেমন– Cow (কাউ) একটি শব্দ। এ শব্দটিতে "C", "O" এবং "W" প্রত্যেকটি এক একটি letter বা বর্ণ।

[A letter is a sign which is used for writing words and language.]

Alphabet ঃ বর্ণমালা

- Alphabet অর্থ বর্ণমালা।
- প্রত্যেক ভাষাতেই alphabet আছে।
- ইংরেজি ভাষায় মোট ২৬টি letter আছে।
- সবগুলো letter-কে এক সাথে alphabet বলা হয়।

✍ **Alphabet কাকে বলে?**

(ইংরেজি ভাষায় A থেকে Z পর্যন্ত ২৬টি letter বা বর্ণ আছে। এই letter বা বর্ণগুলোকে একত্রে alphabet বা বর্ণমালা বলে) যেমন–

A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M
N	O	P	Q	R	S	T	U	V	W	X	Y	Z

ইংরেজি ভাষায় Alphabet দু'রকম; যেমন–

(1) Capital letter বা বড় হাতের অক্ষর;

(2) Small letter বা ছোট হাতের অক্ষর।

Capital letter (বড় হাতের অক্ষর) কাকে বলে?

ইংরেজি বড় হাতের অক্ষরগুলোকে Capital letter বলা হয়। যেমন–

A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M
N	O	P	Q	R	S	T	U	V	W	X	Y	Z

Small letter (ছোট হাতের অক্ষর) কাকে বলে?

ইংরেজি ছোট হাতের অক্ষরগুলোকে Small letter বলা হয়। যেমন–

a	b	c	d	e	f	g	h	i	j	k	l	m
n	o	p	q	r	s	t	u	v	w	x	y	z

EXERCISE (অনুশীলনী)

1. Letter বা বর্ণ কাকে বলে?
2. Alphabet বা বর্ণমালা কাকে বলে?
3. ইংরেজি ভাষায় Alphabet কয় রকম এবং কি কি?
4. ইংরেজিতে কয়টি letter আছে এবং সেগুলো কি কি?
5. Letter ও Alphabet–এর মধ্যে পার্থক্য কি?
6. সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দাও ঃ

(i) **ইংরেজি ভাষায় কয়টি letter আছে?**

(a) ২৩টি (b) ২৪টি (c) ২৫টি (d) ২৬টি

(ii) **সবগুলো বর্ণকে একত্রে কি বলে?**

(a) Alphabet (b) Language (c) Sound (d) Capital letter

(iii) **ইংরেজি letter গুলোকে কয়ভাগে ভাগ করা হয়েছে?**

(a) ৩ ভাগে (b) ৪ ভাগে (c) ২ ভাগে (d) ৫ ভাগে

(iv) **Alphabet-এ মোট—**

(a) ১৮টি letter আছে (b) ২১টি letter আছে

(c) ২৬টি letter আছে (d) ২৫টি letter আছে

LESSON 4 VOWELS AND CONSONANTS
(ভাওয়েলস এন্ড কনসোনেন্ট) ঃ স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণ

ইংরেজি ভাষার সবগুলো letter-এর উচ্চারণ এক রকম নয়। কতকগুলো নিজে নিজেই উচ্চারিত হয়; আবার কতকগুলো নিজে নিজে উচ্চারিত হতে পারে না। তাই উচ্চারণের দিক থেকে letter-গুলোকে দু'ভাগে ভাগ করা হয়েছে; যেমন–

1. Vowel (ভাওয়েল) ঃ স্বরবর্ণ
2. Consonant (কনসোনেন্ট) ঃ ব্যঞ্জনবর্ণ।

Vowels ঃ স্বরবর্ণ

- *Vowel অর্থ স্বরবর্ণ।*
- *Vowel নিজে নিজে উচ্চারিত হতে পারে।*
- *Vowel ছাড়া কোন Consonant উচ্চারিত হতে পারে না।*
- *ইংরেজি বর্ণমালার ২৬টি letter–এর মধ্যে a, e, i, o, u— এ ৫টি vowel আছে।*

Vowels কাকে বলে?

ইংরেজি বর্ণমালার যে সব বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া নিজে নিজেই উচ্চারিত হতে পারে তাদেরকে Vowels বা স্বরবর্ণ বলে।

[In English alphabet some letters are pronounced alone, those letters are vowels.] যেমন–

A– এ, E– ই, I– আই, O– ও, U–ইউ।

(উচ্চারণ) ঃ A(a) = অ, আ, অ্যা, এ

E (e) = এ, ই

I (i) = ই, ঈ, আই

O (o) = অ, আ, ও

U(u) = আ, ইউ, উ

Consonants ঃ ব্যঞ্জন বর্ণ

- *Consonant অর্থ ব্যঞ্জনবর্ণ।*
- *Consonant নিজে নিজে উচ্চারিত হতে পারে না।*
- *Consonant vowel-এর সাহায্য নিয়ে উচ্চারিত হয়।*
- *ইংরেজি বর্ণমালায় Consonant ২১টি।*

Consonants কাকে বলে?

যে সব বর্ণ স্বরবর্ণের সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হতে পারে না সে সব বর্ণকে Consonants বা ব্যঞ্জনবর্ণ বলে।

[The letters which can not be pronounced without the help of vowels are Consonants.] যেমন–

B	C	D	F	G	H	J	K	L	M	N	P	Q	R	S	T	V	W	X	Y	Z

উচ্চারণ ঃ R = A + R
P = P + E
B = B + E
F = A + F
S = A + S

Semi-Vowels ঃ অর্ধ–স্বরবর্ণ

- *Semi অর্থ অর্ধ, vowel অর্থ স্বরবর্ণ। সুতরাং Semi-vowel অর্থ অর্ধস্বরবর্ণ।*
- *ইংরেজি বর্ণমালায় Semi-vowel দুটি।*
- *W ও Y কে Semi-vowels বলে।*

ইংরেজি বর্ণমালায় ২৬টি বর্ণের মধ্যে ২১টি Consonant. এই Consonant–গুলোর মধ্যে দুটি বর্ণ w ও y–এর উচ্চারণ কখনও Vowel, আবার কখনও Consonant হয়। তাই এ দু'টি বর্ণ Semi-vowel.

W ও Y–এ দুটি বর্ণ শব্দের প্রথমে বসলে এরা Consonant হয়; যেমন– Water (ওয়াটার), Wolf (উলফ), Yes (ইয়েস) ইত্যাদি।

আবার w ও y যখন কোন শব্দের মাঝে বা শেষে বসে তখন এরা Vowel হয়; যেমন– Two (টু), Cow (কাউ), Boy (বয়) ইত্যাদি।

সুতরাং w ও y Vowel ও Consonat উভয় প্রকারেই উচ্চারিত ও ব্যবহৃত হয় বলে এদেরকে Semi-vowel বলে।

[The letters w and y are called semi-vowels because they are pronounced both as vowel and consonant.]

EXERCISE (অনুশীলনী)

1. Vowel কাকে বলে? Vowel কয়টি ও কি কি?
2. Consonant কাকে বলে? Consonant কয়টি ও কি কি?
3. Semi-vowel কাকে বলে? Semi-vowel কয়টি ও কি কি?
4. সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দাও ঃ

(i) যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে, তাকে কি বলে?

(a) Semi-vowel (b) Alphabet
(c) Vowel (d) Consonant

(ii) যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না, তাকে কি বলে?

(a) Alphabet (b) Semi-vowel
(c) Consonant (d) Vowel

(iii) ইংরেজি বর্ণমালায় Vowel-এর সংখ্যা কয়টি?

(a) চারটি (b) ছয়টি
(c) পাঁচটি (d) সাতটি

(iv) ইংরেজি বর্ণমালায় Consonant-এর সংখ্যা কয়টি?

(a) ২০টি (b) ২১টি
(c) ১৯টি (d) ২২টি

(v) w ও y কে কি বলা হয়?

(a) Semi-vowel (b) Vowel
(c) Consonant (d) Alphabet

(vi) w ও y শব্দের মাঝে বা শেষে বসলে তাকে কি বলে?

(a) Semi-vowel (b) Vowel
(c) Alphabet (d) Consonant

(vii) w ও y শব্দের প্রথমে বসলে তাকে কি বলে?

(a) Consonant (b) Semi-vowel
(c) Alphabet (d) Vowel

LESSON 5

WORD AND SYLLABLE

(ওয়ার্ড এন্ড সিল্যাবল) ঃ শব্দ এবং শব্দাংশ

Word ঃ শব্দ

- Word (ওয়ার্ড) অর্থ শব্দ।
- Letter–এর পাশে letter বসে word বা শব্দ হয়।
- অর্থবোধক না হলে word বা শব্দ হয় না।
- Vowel ছাড়া word হয় না। Consonant আর vowel মিলে word বা শব্দ হয়।

B O O K

বই

B O Y

মানুষ

C A T

বিড়াল

B I R D

পাখি

উপরের ঃ

(1) নং ছবিতে b, o, o এবং k–এ ৪টি letter বা বর্ণ মিলে book হয়েছে এবং বই অর্থ প্রকাশ করছে। এই শব্দে 'o' vowel টি দুবার আছে।

(2) নং ছবিতে b, o এবং y– এ ৩টি letter বা বর্ণ মিলে boy হয়েছে এবং বালক অর্থ প্রকাশ করছে। এই শব্দে 'o' vowel টি আছে।

(3) নং ছবিতে c, a এবং t–এ ৩টি letter বা বর্ণ মিলে cat হয়েছে এবং বিড়াল অর্থ প্রকাশ করছে। এই শব্দে 'a' vowelটি আছে।

(4) নং ছবিতে b, i, r এবং d–এ ৪টি letter বা বর্ণ মিলে bird হয়েছে এবং পাখি অর্থ প্রকাশ করছে। এই শব্দে 'i' vowel টি আছে।

সুতরাং book, boy, cat এবং bird প্রত্যেকটি এক একটি শব্দ যারা অর্থ প্রকাশ করছে।

পূর্বের পৃষ্ঠার book, boy, cat এবং bird এ চারটি word লক্ষ্য কর। প্রতিটি word-এ vowel বা স্বরবর্ণ আছে। কাজেই মনে রাখতে হবে যে, vowel ছাড়া শুধু consonant দিয়ে কোন word হতে পারে না।

কিন্তু একটি মাত্র vowel অর্থবোধক হলে তা word হয়।

উদাহরণ বা **Examples :** A- একটি; I-আমি এবং O -ওহে।

কতকগুলো letter বা বর্ণ পাশাপাশি বসে অর্থ প্রকাশ না করলে তাকে word বা শব্দ বলা যায় না; যেমন– o + b + o + k = obok দ্বারা কোন অর্থ প্রকাশ করছে না। সুতরাং এটি শব্দ নয়।

Word বা শব্দ কাকে বলে?

এক বা একাধিক letter বা বর্ণ পাশাপাশি বসে যখন একটি অর্থ প্রকাশ করে, তখন তাকে word বা শব্দ বলে।

[A word is a group of letters that makes a full meaning.]

Syllable ঃ শব্দাংশ

- *Syllable (সিল্যাবল) অর্থ শব্দের অংশ।*
- *একটি word-এ এক বা একটির বেশি অংশ থাকতে পারে।*
- *Vowel ছাড়া syllable ভাগ করা যায় না।*
- *প্রতিটি syllable-এ এক বা একাধিক vowel থাকে।*
- *একটি word–এ যতটি অংশ থাকে word টি ততবারে উচ্চারণ করতে হয়।*
- *Syllable ভাগ করার সময় দু' অংশের মাঝে হাইফেন (–) ব্যবহার করা হয়।*

Fa-ther	Po-ta-to
ফা দার	প টে টো
Father	Potato
ফাদার	পটেটো

Father শব্দটির দু'টি অংশ। ইহা দু'বারে উচ্চারণ করতে হয়। আবার Potato শব্দটির তিনটি অংশ। ইহা তিনবারে উচ্চারণ করতে হয়। অতএব আমরা বলতে পারি, Father শব্দটিতে দু'টি এবং Potato শব্দটিতে তিনটি Syllable আছে।

Syllable কাকে বলে?

কোন word বা শব্দের যতটুকু অংশ একবারে উচ্চারণ করা যায় তাকে Syllable বা শব্দাংশ বলে।

[The unit of sound in a word pronounced at a time is called a syllable.]

উদারহণ বা Examples : Pen = Pen
Ca-pi-tal = Capital.
Te-le-vi-sion = Television.
Bro-ther = Brother.

Syllable চার প্রকার; যেমন—

(i) Mono-syllable (মনো-সিল্যাবল)
(ii) Di-syllable (ডি-সিল্যাবল)
(iii) Tri-syllable (ট্রাই-সিল্যাবল)
(iv) Poly-syllable (পলি-সিল্যাবল)

(i) Mono-syllable (মনো-সিল্যাবল) ঃ যে শব্দটি একবারে উচ্চারণ করা যায় তাকে mono-syllable বলে।

[The word that can be pronounced with a single unit of sound is called Mono-syllable.]

উদাহরণ (Examples) : Cat, pot, ball.

(ii) Di-syllable (ডি-সিল্যাবল) ঃ যে শব্দটি দু'বারে উচ্চারণ করা যায় তাকে Di-syllable বলে।

[The word that can be pronounced with two units of sound is called di-syllable.]

উদাহরণ (Examples) : Sis-ter = Sister, Mo-ther = Mother.

(iii) Tri-syllable (ট্রাই-সিল্যাবল) ঃ যে শব্দটি তিনবারে উচ্চারণ করা যায় তাকে Tri-syllable বলে।

[The word that can be pronounced with three units of sound is called tri-syllable.]

উদাহরণ (Examples) : Um-bre-lla = Umbrella.
Beau-ti-ful = Beautiful.

(iv) Poly-syllable (পলি–সিল্যাবল) ঃ যে শব্দটি তিনের অধিকবারে উচ্চারণ করা যায় তাকে Poly-syllable বলে।

[The word that can be pronounced with more than three units of sound is called poly-syllable.]

উদাহরণ (Examples) : Exa-mi-na-tion = Examination.
Pre-po-si-tion = Preposition.
Te-le-vi-sion =Television.

EXERCISE (অনুশীলনী)

1. Word কাকে বলে? উদাহরণ দাও।
2. Syllable কাকে বলে? উদাহরণ দাও।
3. Syllable কত প্রকার ও কি কি? সংজ্ঞাসহ উদাহরণ লিখ।
4. দুই ও তিন syllable বিশিষ্ট পাঁচটি করে শব্দ লিখ।
5. নিচের letter-গুলো সাজিয়ে word তৈরি কর ঃ

উদাহরণ (Example) : Ergen
Answer : Green.

Letter	Word	Letter	Word
a. eaplp	a.	d. woc	d.
b. koob	b.	e. limk	e.
c. schloo	c.	f. doog	f.

6. নিচের letter বা বর্ণগুলোর মধ্যে যেটি word সেটিতে ঠিক (√) চিহ্ন দাও ঃ

(a) class	(d) otc	(g) top	(j) sky
(b) puc	(e) pen	(h) apt	(k) tac
(c) bca	(f) lion	(i) blue	(l) cake

LESSON 6

SENTENCE (সেনটেনস্) ঃ বাক্য

Sentence ঃ বাক্য

- *Sentence (সেনটেনস্) অর্থ বাক্য।*
- *অর্থবোধক কতকগুলো word পাশাপাশি বসিয়ে Sentence গঠন করা হয়।*
- *মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ না করলে Sentence হয় না।*
- *Word-গুলো এলোমেলোভাবে বসালে তা Sentence হয় না। তাই word বা শব্দগুলো ঠিকমত সাজিয়ে Sentence গঠন করতে হয়।*

নিচের শব্দগুলো পড় (Read the following words) :

1. Is reading	1. পড়ছে
2. Is a boy	2. একজন বালক
3. Birds	3. পাখিগুলো
4. I am a	4. আমি হই একজন
5. Gives light	5. আলো দেয়

উপরের এই শব্দ সমষ্টির প্রত্যেকটি কোন অর্থ প্রকাশ করলেও সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে না। তাই এরা Sentence বা বাক্য নয়।

আবার লক্ষ্য কর (Look again) :

(1) Rafa is reading.	(1) রাফা পড়ছে।
(2) He is a boy.	(2) সে একজন বালক।
(3) Birds fly.	(3) পাখিরা উড়ে।
(4) I am a teacher.	(4) আমি একজন শিক্ষক।
(5) The sun gives us light.	(5) সূর্য আমাদের আলো দেয়।

এই শব্দ সমষ্টির প্রত্যেকটি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করছে। তাই এদের প্রত্যেকটিকে Sentence বা বাক্য বলে।

যেহেতু Sentence অর্থ বাক্য, তাই অবশ্যই বাক্যগুলো অর্থবহ হতে হবে। খেয়াল-খুশিমত এলোমেলোভাবে word গুলো পাশাপাশি বসিয়ে বাক্য তৈরি করলে তা সম্পূর্ণরূপে অর্থ প্রকাশ করে না। আর এই word গুলোকে ব্যাকরণের নিয়ম অনুযায়ী পরপর সাজাতে হবে।

নিচের এলোমেলো ও সাজানো শব্দগুলো লক্ষ্য কর ঃ

No Sentence (বাক্য নয়)	**Sentence** (বাক্য)
(1) Sky the blue is.	(1) The sky is blue.
(2) I a watch have.	(2) I have a watch.
(3) School goes he to.	(3) He goes to school.
(4) Poor is she.	(4) She is poor.
(5) We water drink.	(5) We drink water.

Sentence কাকে বলে?

কতকগুলো word বা শব্দ পাশাপাশি বসে যদি সম্পূর্ণভাবে মনের ভাব প্রকাশ করে তবে তাকে Sentence বা বাক্য বলে।

[A group of words making a complete sense is called a sentence.]

Parts of Sentence ঃ বাক্যের অংশসমূহ

- প্রতিটি Sentence-এর দুটি অংশ থাকে।
- প্রথম অংশকে Subject বা উদ্দেশ্য বলে।
- দ্বিতীয় অংশকে Predicate বা বিধেয় বলে।
- প্রথম অংশ Subject ব্যক্তি, বস্তু বা প্রাণির নাম হয়।
- Subject-কে কর্তাও বলে।
- Sentence-এর প্রতিটি অংশে এক বা একাধিক word থাকতে পারে।

উপরের Sentence–এ কার সম্পর্কে বলা হয়েছে? He সম্পর্কে বলা হয়েছে। সুতরাং 'He' word টি এই Sentence–এর Subject (উদ্দেশ্য)। আবার Subject (অর্থাৎ He) সম্পর্কে কি বলা হয়েছে? is a good boy কথাটি বলা হয়েছে। সুতরাং এ অংশটি Sentence–এর Predicate (বিধেয়)।

Subject উদ্দেশ্য কাকে বলে?

একটি বাক্য বা Sentence–এ যার সম্পর্কে কিছু বলা হয় তাকে Subject বা উদ্দেশ্য বলে।

[The subject of a sentence is what the sentence talks about.]

Predicate বিধেয় কাকে বলে?

একটি বাক্য বা Sentence–এর যে অংশে Subject সম্পর্কে কিছু বলা হয় সে অংশকে Predicate বা বিধেয় বলে।

[The predicate of a sentence is what is said about the subject.]

Subject ও Predicate–এর বিভাজন ছক

Sentence	Subject	Predicate
	যার সম্বন্ধে বলা হয়েছে	যা বলা হয়েছে
Latifa is a good girl.	Latifa	is a good girl.
The rose is a nice flower.	The rose	is a nice flower.
Kamran is going to school.	Kamran	is going to school.
The cow is eating grass.	The cow	is eating grass.

নিয়ম ২ : বাক্যের প্রথমে Subject বসে, তার পরে Verb এবং সবশেষে Object বসে। তবে Object ছাড়াও কখনো কখনো Sentence হতে পারে। ইংরেজিতে Verb ছাড়া কোন Sentence গঠিত হয় না।

সুতরাং Sentence-এর উপাদান তিনটি ঃ

(1) Subject বা কর্তা

(2) Verb বা ক্রিয়া

(3) Object বা কর্ম

Sentence =		Subject	+	Verb	+	Object
		↓		↓		↓
উদাহরণ (Example) :	(1)	She	+	sings	+	a song
		↓		↓		↓
	(2)	The moon	+	shines	+	at night.

EXERCISE (অনুশীলনী)

1. Sentence কাকে বলে? দুটি Sentence লিখ।
2. Sentence-এর কয়টি অংশ ও কি কি?
3. Subject কাকে বলে? একটি উদাহরণ দিয়ে বোঝাও।
4. Predicate কাকে বলে? একটি উদাহরণ দিয়ে বোঝাও।
5. নিচের Sentence-গুলো থেকে subject ও predicate আলাদা করে লিখ ঃ
   (a) The Padma is a big river.
   (b) The girls are playing.
   (c) They are swimming in the river.
   (d) Grapes are sour.
   (e) She is a student.
   (f) I have a book.

LESSON 7

PARTS OF SPEECH
(পার্টস্ অফ স্পিচ) ঃ বাক্যাংশ

- Parts অর্থ অংশসমূহ।
- *Speech* অর্থ কথা বা বাক্য।
- *Parts of speech* অর্থ কথা বা বাক্যের অংশ।

বাংলায় বাক্যের অন্তর্গত প্রতিটি শব্দ যেমন এক একটি পদ, ইংরেজি Sentence–এর প্রতিটি word–ও এক একটি Parts of Speech বা পদ; যেমন–

The teacher speaks to his pupils. এই Sentence টিতে পাঁচটি word (শব্দ) আছে। এই শব্দগুলোই এক একটি parts of speech বা পদ।

P.P. ✍ **Parts of speech কাকে বলে?**

Sentence বা speech–এ ব্যবহৃত প্রত্যেকটি word-কে এক একটি parts of speech বলে।

[Each word used in a sentence is called a part of speech.]

উদাহরণ (Example) :

I	live	in	Dhaka.

এখানে "I", "live", "in" এবং "Dhaka" প্রত্যেকটি এক একটি parts of speech বা পদ।

Parts of speech-এর প্রকার

(1) নানা রকম word নিয়ে sentence গঠিত হয়। সুতরাং অর্থ ও কাজ অনুযায়ী ইংরেজি ভাষার word বা শব্দগুলোকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে।

(2) প্রতিটি ভাগের পৃথক পৃথক নাম রয়েছে।

(3) এসব ভাগকে ইংরেজিতে একত্রে বলা হয় Parts of Speech. ইংরেজিতে Parts of Speech আট প্রকার। *যেমন–*

Parts of Speech

(Example) :

Rice	is	our	staple	food.

উপরের Sentence টিতে "rice" ও "food"-এ দুটি শব্দ হল Noun, "is" হল Verb, "Our" হল Pronoun এবং "staple" হল Adjective.

Parts of Speech-এর উদাহরণ

Name	Examples
1. Noun	1. Dhaka, book, cat, Rafiq
2. Pronoun	2. Me, I, you, we, their.
3. Adjective	3. good, fat, small, nice.
4. Verb	4. is, eat, do, are, write.
5. Adverb	5. slowly, well, very.
6. Preposition	6. in, to, by, of.
7. Conjunction	7. but, or, and.
8. Interjection	8. Oh!, Alas! Hurrah! Ah!

EXERCISE (অনুশীলনী)

1. Parts of Speech কাকে বলে?
2. Parts of Spech কয় প্রকার ও কি কি? দুটি করে উদাহরণ দাও।

LESSON 8	**NOUN** (নাউন) ঃ বিশেষ্য

- *Noun (নাউন)–এর অর্থ বিশেষ্য।*
- *Noun দিয়ে যে–কোন নাম বোঝায়।*
- *Noun ব্যক্তি, প্রাণি, স্থান বা বস্তুর নাম বোঝায়।*

নিচের ছবিগুলোর দিকে তাকাও এবং শব্দগুলো পড়।

Teacher

Apu

Doctor

উপরে উল্লেখিত teacher এবং doctor এই শব্দ দুটি দ্বারা ব্যক্তির পেশা বোঝাচ্ছে, আর Apu এই শব্দ দ্বারা ব্যক্তির নাম বোঝাচ্ছে।

অতএব, যেসব word বা শব্দ দ্বারা কোন ব্যক্তির নাম বা পেশার নাম বোঝায়, তাকে Noun বলে।

[Words which are used as the names of persons or the names of professions are called noun.]

Tiger

Cow

Owl

উপরে উল্লেখিত tiger, cow এবং owl এই শব্দগুলো প্রাণির নাম বোঝাচ্ছে।

অতএব, যেসব word বা শব্দ দ্বারা প্রাণির নাম বোঝায়, তাকে Noun বলে।

[Words which are used as the names of animals are called noun.]

school

mosque

shop

উপরে উল্লেখিত school, mosque এবং shop এই শব্দগুলো স্থানের নাম বোঝাচ্ছে।

অতএব, যে সব words বা শব্দগুলো দ্বারা স্থানের নাম বোঝায় তাকে Noun বলে।

[Words which are used as the names of places are called noun.]

box

pen

cake

উপরে উল্লেখিত box, pen এবং cake এই শব্দগুলো বস্তুর নাম বোঝাচ্ছে।

অতএব, যে সব word বা শব্দ দ্বারা বস্তুর নাম বোঝায় তাকে Noun বলে।

[Words whch are used as the names of things are called noun.]

Noun কাকে বলে?

যে word বা শব্দ দ্বারা কোন ব্যক্তি, প্রাণি, স্থান বা বস্তুর নাম বোঝায়, তাকে Noun বলে। অর্থাৎ কোন কিছুর নামকেই Noun বলে।

[A noun is the name of a person, animal, place or thing. Noun is the name of anything.]

উদাহরণ বা **Examples :** Sabina, Dhaka, Apple, Lion etc.

Kinds of Noun (কাইন্ডস অব নাউন) ঃ বিশেষ্যের শ্রেণিবিভাগ

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(1) **Nandini** loves her mother. (নন্দিনী তার মাকে ভালবাসে।)

(2) **The cow** is a useful animal. (গরু উপকারী প্রাণি।)

(3) **Water** has no colour. (পানির রং নেই।)

(4) He is the best boy in the **class.** (সে ক্লাসের/শ্রেণির সবচেয়ে ভাল ছেলে।)

(5) He has **kindness.** (তার দয়া আছে।)

উপরের Sentence গুলোতে মোটা অক্ষর দিয়ে লিখিত word–গুলো লক্ষ্য কর। "Nandini" একটি নির্দিষ্ট মেয়ের নাম, "The cow" এক জাতীয় প্রাণির সাধারণ নাম, "Water" পরিমাণবাচক পদার্থের নাম, "class" একটি সমষ্টির নাম এবং "kindness" কোন ব্যক্তির গুণ অর্থাৎ অবস্থার নাম বোঝাচ্ছে। এরা প্রত্যেকেই এক একটি Noun বা বিশেষ্য।

সুতরাং আমরা Noun-কে কয়েকটি ভাগে ভাগ করতে পারি; যেমন– ১ম বাক্যটি Proper noun বা নামবাচক বিশেষ্য, ২য় বাক্যটি Common noun বা জাতিবাচক বিশেষ্য, ৩য় বাক্যটি Material noun বা পরিমাণবাচক বিশেষ্য, ৪র্থ বাক্যটি Collective noun বা সমষ্টিবাচক বিশেষ্য এবং ৫ম বাক্যটি Abstract noun বা গুণবাচক বিশেষ্য।

✍ Noun কত প্রকার ও কি কি?

Noun পাঁচ প্রকার। যেমন–

A. Proper noun (নামবাচক বিশেষ্য)

B. Common noun (জাতিবাচক বিশেষ্য)

C. Material noun (পরিমাণবাচক বিশেষ্য)

D. Collective noun (সমষ্টিবাচক বিশেষ্য)

E. Abstract noun (গুণবাচক বিশেষ্য)

A. Proper Noun (প্রোপার নাউন) ঃ নামবাচক বিশেষ্য

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(1) We live in **Dhaka.** (আমরা ঢাকায় বাস করি।)

(2) **Mr. Zaman** is a gentle man. (জামান সাহেব একজন ভাল লোক।)

(3) She reads the **Quran** everyday. (সে প্রতিদিন কোরান শরীফ পড়ে।)

পূর্বের পৃষ্ঠার বাক্যগুলোতে Dhaka একটি নির্দিষ্ট শহরের নাম; Mr Zaman একজন নির্দিষ্ট মানুষের নাম এবং Quran একটি নির্দিষ্ট ধর্মীয় পুস্তকের নাম বোঝাচ্ছে।

অতএব, যে Noun দ্বারা কোন নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, প্রাণি বা স্থানের নাম বোঝায়, তাকে Proper noun বা নামবাচক বিশেষ্য বলে।

[A proper noun is the name of a particular person, animal, place or thing.]

Proper noun-এর কয়েকটি উদাহরণ দেওয়া হল ঃ

Pabna, English, Jamuna, The Azad, Karim ইত্যাদি।

বিঃদ্রঃ নির্দিষ্ট করে বোঝালে Proper noun হয় এবং সর্বদাই Proper noun-এর প্রথম অক্ষর Capital letter বা বড় হাতের অক্ষর হয়।

B. Common Noun (কমন নাউন) ঃ জাতিবাচক বিশেষ্য

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(1) **Man** is mortal. (মানুষ মরণশীল।)

(2) **The bird** flies in the sky. (পাখি আকাশে উড়ে।)

(3) Dipu is a **boy.** (দিপু একটি বালক।)

উপরের বাক্যগুলোতে "Man" noun টি কোন নির্দিষ্ট ব্যক্তিকে না বুঝিয়ে সমগ্র মানব জাতিকে বোঝাচ্ছে, "bird" noun টি কোন নির্দিষ্ট পাখিকে না বুঝিয়ে সমগ্র পাখি জাতিকে বোঝাচ্ছে এবং "boy" noun টি নির্দিষ্ট কোন বালককে না বুঝিয়ে সকল বালককে বোঝাচ্ছে।

অতএব, যে Noun দ্বারা কোন নির্দিষ্ট ব্যক্তি, প্রাণি বা বস্তুকে না বুঝিয়ে এক জাতীয় সকলকেই বোঝায়, তাকে Common noun বলে।

[A common noun is the name which is common to every person, animal or thing of the same kind.]

Common noun-এর কয়েকটি উদাহরণ দেওয়া হল ঃ

Cow, Dog, River, Book, Flower, School, Country ইত্যাদি।

C. Material Noun (ম্যাটেরিয়াল নাউন) ঃ পরিমাণবাচক বিশেষ্য

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(1) **Rice** is our main food. (ভাত আমাদের প্রধান খাদ্য।)

(2) **Milk** is white. (দুধ সাদা।)

(3) **Sugar** is sweet. (চিনি মিষ্টি।)

উপরের Sentence গুলোতে "Rice", "Milk" এবং "Sugar" এ শব্দগুলো বস্তুর নাম বোঝাচ্ছে।

অতএব, যে শব্দ দ্বারা কোন বস্তুকে বোঝায় তাকে Material noun বলে। প্রত্যেকটি material noun ঐ বস্তুকে আংশিকভাবে না বুঝিয়ে সামগ্রিকভাবে বোঝায়।

[A material noun is the name of the substance of which a thing is made.]

কয়েকটি Material noun-এর উদাহরণ দেওয়া হল ঃ Gold, Wood, Sand, Tea ইত্যাদি।

D. Collective Noun (কালেকটিভ নাউন) ঃ সমষ্টিবাচক বিশেষ্য

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. I like this **party.** (আমি এই দলকে পছন্দ করি।)
2. Our **army** is strong. (আমাদের সেনাবাহিনী শক্তিশালী।)
3. I saw a **flock** of birds. (আমি এক ঝাঁক পাখি দেখেছিলাম।)

উপরের Sentence গুলোতে "party", "army" এবং "flock" শব্দগুলো দ্বারা কোন একজন বা একটিকে না বুঝিয়ে এদের সমষ্টিকে বোঝাচ্ছে।

অর্থাৎ যে noun দ্বারা এক জাতীয় একাধিক ব্যক্তি, প্রাণি বা বস্তুর সমষ্টি বোঝায় তাকে Collective noun বলে।

[A collective noun is the name of a group of person, animal or thing.]

উদাহরণ ঃ Team, Family, Class, Club, Flock ইত্যাদি।

E. Abstract Noun (অ্যাবস্ট্রাক্ট নাউন) ঃ গুণবাচক বিশেষ্য

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. I have no **fear.** (আমার কোন ভয় নেই।)
2. **Walking** is good for health. (ভ্রমণ করা স্বাস্থ্যের জন্য ভাল।)
3. **Honesty** is the best policy. (সততাই সর্বোৎকৃষ্ট পনথা।)

পূর্বের পৃষ্ঠার বাক্যগুলোতে "fear" একটি অবস্থার নাম, "walking" একটি কাজের নাম এবং "honesty" একটি গুণের নাম।

অতএব, যে Noun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ, অবস্থা বোঝায়, তাকে Abstract noun বলে ।

[An abstract noun is the name of a quality, state or action of a person or thing.]

Abstract noun-এর কয়েকটি উদাহরণ দেওয়া হল ঃ

Wisdom, Beauty, Kindness, Poverty, Courage, Health, Lying, Childhood ইত্যাদি।

EXERCISE (অনুশীলনী)

1. Noun কাকে বলে? দুটি উদাহরণ দাও।
2. Noun কত প্রকার ও কি কি? দুটি করে উদাহরণ দাও।
3. নিচের sentence গুলোতে noun-এর নিচে দাগ দাও ঃ

[প্রথমটি করে দেখান হল]

(a) Teachers teach their pupils.

(b) My mother is a houswife.

(c) Rebaka loves her child.

(d) Farzana and Faria are there.

(e) Mr. Kamal is walking.

(f) Kashem is a doctor.

4. নিচের setence-গুলো হতে proper, common, material, collective এবং abstract noun-গুলো বের কর।

(a) We live in Bangladesh. ....

(b) Gold is a precious metal. ....

(c) Our team won the match. ....

(d) Lying is a great sin. ....

(e) He gave me a bunch of flower. ....

PRONOUN (প্রোনাউন) ঃ সর্বনাম

- *Pronoun অর্থ সর্বনাম।*
- *Noun-এর পরিবর্তে Pronoun বসে।*

Faiza is a good girl. Faiza goes to school everyday.Faiza reads in the morning. Faiza plays every afternoon.

উপরের Sentence গুলোতে Faiza সম্পর্কে বলা হয়েছে; যেমন– ফায়জা একটি ভাল মেয়ে। ফায়জা প্রতিদিন স্কুলে যায়। ফায়জা সকাল বেলা পড়ে। ফায়জা প্রতিদিন বিকেল বেলা খেলে।

এই Sentence বা বাক্যগুলোতে Faiza নামটি (Noun) বারবার ব্যবহৃত হয়েছে। ফলে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ Sentence তিনটি পড়তে বা শুনতে খুব একটা ভল লাগছে না। তাই দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ Sentence-এ Faiza-এর পরিবর্তে She ব্যবহার করে আমরা উপরের Sentence চারটিকে নিম্নরূপে লিখতে পারি ঃ

Faiza is a good girl. **She** goes to school everyday. **She** reads in the morning. **She** plays every afternoon.

এখানে Faiza—এই Noun টির পরিবর্তে She শব্দটি বসেছে। অতএব she এখানে Pronoun.

অনুরূপভাবে আমরা বলতে পারি,

Dhaka is a big city. **It** is the capital of Bangladesh. **We** love **her.** [ঢাকা একটি বড় শহর। এটি বাংলাদেশের রাজধানী। আমরা তাকে ভালবাসি।]

উপরের Sentence বা বাক্যগুলোতে Dhaka (Noun)-এর পরিবর্তে it এবং her বসেছে। আর we শব্দটিও কয়েকজন ব্যক্তির পরিবর্তে ব্যবহৃত হয়েছে। অতএব it, her এবং we এখানে Pronoun.

Pronoun কাকে বলে?

Noun (বিশেষ্য)-এর পরিবর্তে যে সমস্ত word বা শব্দ ব্যবহার করা হয়, তাদেরকে Pronoun (সর্বনাম) বলে।

[Words that stand for nouns are called pronouns.]

উদাহরণ বা **Examples :** I, you, he, she, we, they, them, her, him, it, me, us ইত্যাদি।

Pronoun- এর ব্যবহার

a. পুরুষের নামের পরিবর্তে বসে He, His, Him. b. মহিলার নামের পরিবর্তে বসে She, Her. c. পুরুষ মহিলা উভয়ের নামের পরিবর্তে বসে I, we, you, they, me, us, them, their. d. বস্তু ও প্রাণির নামের পরিবর্তে বসে It, they, this, these, those.

EXERCISE (অনুশীলনী)

1. Pronoun কাকে বলে? উদাহরণ দাও।
2. নিচের Sentence গুলো হতে Pronoun বের কর ঃ
   (i) I am his friend.
   (ii) They are not happy.
   (iii) He likes these flowers.
   (iv) We know them very well.
   (v) This is our school.
3. সঠিক উত্তরটির পাশে টিক (√) চিহ্ন দাও ঃ
   (a) পুরুষ ও মহিলা উভয়ের নামের পরিবর্তে বসে ঃ He/Her/I.
   (b) পুরুষের নামের পরিবর্তে বসে ঃ It/His/She.
   (c) প্রাণির নামের পরিবর্তে বসে ঃ This/Him/Us.
   (d) মহিলার নামের পরিবর্তে বসে ঃ He/She/It.
   (e) বস্তুর নামের পরিবর্তে বসে ঃ You/Me/It.

LESSON 10

ADJECTIVE (অ্যাডজেকটিভ্) ঃ বিশেষণ

- *Adjective শব্দের অর্থ বিশেষণ।*
- *Adjective কোন ব্যক্তি বা বস্তু সম্পর্কে কিছু বলে।*
- *Adjective, Noun বা Pronoun–এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা ও পরিমাণ ইত্যাদি প্রকাশ করে।*

A man was sitting on the bench.

এই sentence–এর অর্থ— একটি লোক বেঞ্চের উপর বসেছিল। এখানে লোকটি কি রকম, লোকটি যুবক, বৃদ্ধ, সাদা, কালো তা সুনির্দিষ্ট করে বোঝা যায় না। তাই ঐ লোকটিকে সুনির্দিষ্ট করে বোঝানোর জন্য "man" (Noun)- এর পূর্বে কোন গুণবাচক শব্দ ব্যবহার করে তার পরিচয় সুনির্দিষ্ট করতে হয়; যেমন– An old man was sitting on the bench. এই "old" শব্দের মত গুণবাচক শব্দগুলোকে Adjective বলে। এই Sentence টিতে "old" শব্দটি হচ্ছে Adjective.

নিচের Sentence গুলো পড় ঃ

(1) She is a good girl. (সে ভাল মেয়ে।) এখানে "good" word বা শব্দটি দিয়ে মেয়েটির গুণ বোঝাচ্ছে।

(2) He is a bad boy. (সে খারাপ ছেলে।) এখানে "bad" word বা শব্দটি দিয়ে ছেলেটির দোষ বোঝাচ্ছে।

(3) They have a black dog. (তাদের একটি কালো কুকুর আছে।) এখানে "black" word বা শব্দটি দিয়ে কুকুরটির অবস্থা বোঝাচ্ছে।

(4) I have three books. (আমার তিনটি বই আছে।) এখানে "three" word বা শব্দটি দ্বারা বই–এর সংখ্যা বোঝাচ্ছে।

(5) Give me some rice. (আমাকে কিছু ভাত দাও।) এখানে "some" word বা শব্দটি দ্বারা ভাতের পরিমাণ বোঝাচ্ছে।

কাজেই girl, boy, dog, book এবং rice এই word গুলো Noun. আর good, bad, black, three এবং some শব্দগুলো Noun গুলোর অর্থটাকে সম্পূর্ণরূপে প্রকাশ করছে। তাই এরা Adjective.

Adjective কাকে বলে?

(যে word দ্বারা noun বা pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা ও পরিমাণ ইত্যাদি প্রকাশ পায় তাকে adjective বলে।)

[The word which qualifies a noun or a pronoun is called an Adjective.]

নিচে কতকগুলো adjective দেওয়া হল ঃ

Wise — জ্ঞানী	Smooth— মসৃণ	Sharp— ধারালো
Rich— ধনী	Ugly— কুৎসিত	Sorry— দুঃখিত
Young — যুবক	Honest— সৎ	Lazy— অলস
Big —বড়	Brave— সাহসী	Sad— দুঃখিত
Long —লম্বা	Weak— দুর্বল	Green— কাঁচা, সবুজ
Heavy — ভারী	Short— খাটো	Large— বড়
Thin— পাতলা	Poor— গরীব	Intelligent— বুদ্ধিমান
Much— কিছু	Nice— সুন্দর	Some— কিছু
Fat —মোটা	Clever— চালাক	Little— ক্ষুদ্র/ অল্প
New —নতুন	Sweet—মিষ্টি	Few— অল্প
Fine — সুন্দর	Glad— আনন্দিত	Many— অনেক
Angry — রাগান্বিত	Kind—দয়ালু	Each— প্রত্যেক
Beautiful —সুন্দর	Hard— শক্ত	White— সাদা
Red—লাল	Busy-- ব্যস্ত	Slow—ধীরে

EXERCISE (অনুশীলনী)

1. Adjective কাকে বলে? উদাহরণ দাও।
2. নিচের Sentence গুলো হতে adjective বের কর ঃ
   (i) He has a new blue shirt.
   (ii) I have many books.
   (iii) They live in an old house.
   (iv) His father was an honest man.
   (v) Akbar was a wise emperor.

LESSON
11

VERB (ভার্ব) ঃ ক্রিয়া

- *Verb অর্থ ক্রিয়া।*
- *Verb দিয়ে কোন ব্যক্তি, বস্তু বা প্রাণির কাজ করা বোঝায়।*
- *Verb ছাড়া কোন বাক্য গঠন করা যায় না।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. They **walk.** (তারা হাঁটে।)
2. The sun **shines.** (সূর্য আলো দেয়।)
3. The dog **barks** (কুকুর ঘেউ ঘেউ করে।)

উপরের Sentence-গুলোতে মোটা অক্ষরের word গুলো লক্ষ্য কর। প্রথম sentence-এ তারা কি করে? তারা হাঁটে অর্থাৎ walk (হাঁটা) এ word টি দিয়ে কোন কাজ করা বোঝাচ্ছে। এভাবে দ্বিতীয় ও তৃতীয় sentence-এ যথাক্রমে shines (আলো দেওয়া) এবং barks (ঘেউ ঘেউ করা)-word দুটি দিয়ে কোন না কোন কাজ করা বোঝাচ্ছে। সুতরাং walk, shines এবং barks—এই word- গুলো verb.

Verb কাকে বলে?

যে word দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা প্রাণির কোন কিছু করা বা হওয়া বোঝায়, তাকে Verb বলে।

[A verb is a doing word that tells what a person, animal or thing does.]

Note : *বাংলা ভাষায় verb (ক্রিয়া) ছাড়া sentence বা বাক্য হতে পারে, কারণ বাংলা ভাষায় হওয়া ক্রিয়ার ব্যবহার নেই। কিন্তু ইংরেজি ভাষায় verb (ক্রিয়া) ছাড়া কোন sentence বা বাক্য হয় না। কারণ verb ছাড়া sentence-এ predicate অংশ গঠিত হয় না।*

উদাহরণ বা Example : সে ভাল ছাত্রী— She is a good student. আমরা সে (হয়) ভাল ছাত্রী লিখি না। বাংলায় 'হওয়া' ক্রিয়া উহ্য থাকে।

Verb কত প্রকার ও কি কি?

Verb প্রধানত দুই প্রকার; যেমন—

(1) Principal verb (প্রধান ক্রিয়া) বা Main verb.

(2) Auxiliary verb (সাহায্যকারী ক্রিয়া) বা Helping verb.

(1) Principal verb : যে verb অন্য কোন verb-এর সাহায্য ছাড়া নিজে নি
সম্পূর্ণরূপে অর্থ প্রকাশ করতে পারে তাকে Principal verb বলে।

[When a verb is used independently, it is called a principal verb.]

উদাহরণ বা **Examples :** I **read** in class three.

She **sings** a song.

উপরের sentence দুটিতে 'read' এবং 'sing' হচ্ছে principal verb.

নিচের বক্সে কতকগুলো Principal verbs দেওয়া হল ঃ

come	play	read	go	eat
sleep	walk	write	run	drink

(2) Auxiliary verb : যে verb বাক্য গঠনে Principal verb-এর সাথে যুক্ত হ
সম্পূর্ণভাবে অর্থ প্রকাশ করতে সাহায্য করে তাকে auxiliary verb বলে।

[When a verb is joined with principal verb to give a sense complete
is called an auxiliary verb.]

উদারহণ বা **Examples :** He **is** going to school. (সে স্কুলে যাচ্ছে।)

I **am** eating rice. (আমি ভাত খাচ্ছি।)

উপরের Sentence দুটিতে 'is' এবং 'am' দুটি auxiliary verb. এরা 'go' এবং 'ea
দুটি Principal verb-এর পূর্বে বসে সম্পূর্ণ অর্থ প্রকাশ করছে।

নিচের বক্সে কতকগুলো auxiliary verb দেওয়া হল ঃ

am, is, are, was, were, have, has, had, shall, should, can, could, will, would.

এই auxiliary verb গুলোর মধ্যে am, is, are, was এবং were হচ্ছে verb 'to be
বা 'be verb'.

Am, Is, Are- এর ব্যবহার

Am	I-এর সাথে am বসে	I **am** a good player. (আমি একজন ভাল খেলোয়াড়)
Is	He or she এবং it –এর সাথে is বসে। তাছাড়া নামবাচক শব্দের সাথে is বসে।	He **is** a teacher.(তিনি একজন শিক্ষক।) She **is** a doctor. (তিনি একজন ডাক্তার।) Belal **is** a student. (বেলাল একজন ছাত্র।)

Are	You, we এবং they-এর সাথে are বসে। তাছাড়া একাধিক নামের সাথে are বসে।	You **are** a girl. (তুমি একজন বালিকা।) We **are** happy. (আমরা সুখী।) They **are** rich. (তারা ধনী।) Mina, Rumi and Rubi **are** in class three. (মিনা, রুমি এবং রুবি দ্বিতীয় শ্রেণিতে পড়ে।)

Have এবং has- এর ব্যবহার

Have	I, you এবং we -এর সাথে have বসে। একাধিক নাম এবং বহুবচনের সাথে have বসে।	I **have** a red dress. (আমার একটি লাল পোশাক আছে।) You **have** a drawing book. (তোমার একটি অংকন বই আছে।) We **have** a computer. (আমাদের একটি কম্পিউটার আছে।) Ripon and Liton **have** a room. (রিপন এবং লিটনের একটি কক্ষ আছে।) They **have** a house. (তাদের একটি বাড়ি আছে।)
Has	He, she এবং it-এর সাথে has বসে। একটি নাম এবং একবচনের সাথে has বসে।	He **has** a pen. (তার একটি কলম আছে।) She **has** a book. (তার একটি বই আছে।) It **has** a long tail. (ইহার একটি লম্বা লেজ আছে।) Pavel **has** a bicycle. (পাভেলের একটি বাই–সাইকেল আছে। The girl **has** a doll. (বালিকাটির একটি পুতুল আছে।)

STRONG AND WEAK VERBS (স্ট্রং এন্ড উঈক ভার্বস)

ইংরেজি ভাষায় verb-এর প্রধানত তিনটি রূপ বা form হয়, যেমন—The Present Tense, The Past Tense এবং The Past Participle. Verb–এর ভিন্ন ভিন্ন রূপ পরিবর্তনের নিয়ম অনুসারে verb-কে দু'ভাগে ভাগ করা হয়; যেমন—

(1) Strong Verbs (স্ট্রং ভার্বস)—সবল ক্রিয়াসমূহ

(2) Weak Verbs (উঈক ভার্বস)— দুর্বল ক্রিয়াসমূহ।

Strong Verbs : যে সব verb-এর ভিতরের vowel পরিবর্তন করে অথবা শেষে n, en বা ne যোগ করে Past ও Past Participle গঠন করা হয় তাদেরকে Strong Verbs বলে।

[The verbs which are changed into Past and Past participle by changing the inside vowel or by adding n, en or ne at the end are called strong verbs] যেমন—

Present Tense	Past Tense	Past Participle
Abide— বাস করা	abode	abode
Bear—উৎপাদন করা, প্রসব করা	bore	born
Drive— চালান	drove	driven
Do—করা	did	done
Fight— যুদ্ধ করা	fought	fought

Weak Verbs : যে সব verb-এর শেষে d, ed বা t যোগ করে Past ও Past participle গঠন করা হয় তাদেরকে Weak Verbs বলে।

[The verbs which are changed into Past and Past participle by adding d, ed or t at the end are called weak verbs.] যেমন—

Present Tense	Past Tense	Past Participle
Hear — শোনা	heard	heard
Want— চাওয়া	wanted	wanted
Send— পাঠানো	sent	sent

নিচে কতকগুলো প্রচলিত Strong verb ও Weak verb-এর Past Tense ও Past Participle form দেখানো হল।

STRONG VERBS

Present Tense	Past Tense	Past Participle
Arise — উঠা	arose	arisen
Awake— জাগা	awoke	awoken
Be(am, is, are)— হওয়া	was, were	been
Beat— প্রহার করা	beat	beaten
Become— হওয়া	became	become
Beget— উৎপন্ন করা	begot	begotten
Begin— আরম্ভ করা	began	begun
Behold — দেখা	beheld	beheld, beholden

Present Tense	Past Tense	Past Participle
Bid— আদেশ করা	bade, bid	bidden, bid
Bind— বাঁধা	bound	bound
Bite— কামড়ান	bit	bitten, bit
Blow— প্রবাহিত হওয়া	blew	blown
Break —ভাঙ্গা	broke	broken
Choose— পছন্দ করা	chose	chosen
Come— আসা	came	come
Dig — খনন করা	dug	dug
Draw— টানা	drew	drawn
Drink— পানা করা	drank	drunk
Eat— খাওয়া	ate	eaten
Fall— পড়া	fell	fallen
Find— দেখা	found	found
Fly— উড়া	flew	flown
Forbid — নিষেধ করা	forbade	forbidden
Forget— ভুলে যাওয়া	forgot	forgotten
Freeze — জমে যাওয়া	froze	frozen
Get— পাওয়া	got	got, gotten
Give— দেয়া	gave	given
Go— যাওয়া	went	gone
Grow — জন্মান	grew	grown
Hang— ঝুলান	hung	hung
Hide — লুকান	hid	hid, hidden
Hold —ধরা	held	held
Know— জানা	knew	known

Present Tense	Past Tense	Past Participle
Lead — পরিচালনা করা	led	led
Lie— শয়ন করা/থাকা	lay	lain
Ride— চড়া	rode	ridden
Ring— বাজা	rang	rung
Rise— উঠা	rose	risen
Run— দৌড়ান	ran	run
See— দেখা	saw	seen
Shake— নাড়ান	shook	shaken
Shine— কিরণ দেয়া	shone	shone
Shoot— গুলি করা	shot	shot
Sing — গান করা	sang	sung
Sink—ডুবা	sank	sunk, sunken
Sit— বসা	sat	sat
Speak— কথা বলা	spoke	spoken
Stand— দাঁড়ান	stood	stood
Steal — চুরি করা	stole	stolen
Strike— আঘাত করা	struck	struck, stricken
Swear — শপথ করা	swore	swore
Swim— সাঁতার কাটা	swam	swum
Swing— দোল খাওয়া	swung	swung
Take— লওয়া	took	taken
Tear— ছিঁড়ে ফেলা	tore	torn
Throw— নিক্ষেপ করা	threw	thrown
Wake— জাগা	woke	woken
Wear— পরিধান করা	wore	worn

Present Tense	Past Tense	Past Participle
Weave— বস্ত্র বুনা	wove	woven
Win— জয়লাভ করা	won	won
Wind— পাকানো	wound	wound
Write— লেখা	wrote	written

WEAK VERBS

Present Tense	Past Tense	Past Participle
Accept— গ্রহণ করা	accepted	accetped
Advise — উপদেশ দেওয়া	advised	advised
Agree— সম্মত হওয়া	agreed	agreed
Apply— প্রয়োগ করা	applied	applied
Behave — আচরণ করা	behaved	behaved
Believe— বিশ্বাস করা	believed	believed
Bend— বাঁকান	bent	bent, bend
Bleed —রক্ত ক্ষয় করা	bled	bled
Blend — মিশ্রিত করা	blended	blended, blent
Boil— সিদ্ধ করা	boiled	boiled
Borrow— ধার করা	borrowed	borrowed
Breed— প্রসব করা	bred	bred
Bring— আনা	brought	brought
Burn— দগ্ধ করা	burnt	burnt, burned
Buy— খরিদ করা/কেনা	bought	bought
Call — ডাকা	called	called
Can— পারা	could	could
Carry— বহন করা	carried	carried

Present Tense	Past Tense	Past Participle
Catch — ধরা	caught	caught
Change— পরিবর্তন করা	changed	changed
Chew— চর্বণ করা	chewed	chewed, chewn
Clap— হাততালি দেওয়া	clapped	clapped
Cook — রান্না করা	cooked	cooked
Cover — আবৃত করা	covered	covered
Creep— বুকে হেঁটে যাওয়া	crept	crept
Dance—নাচা	danced	danced
Dare — সাহস করা	dared	dared
Decide— সিদ্ধান্তে পৌঁছা	decided	decided
Defeat— পরাজিত করা	defeated	defeated
Die— মরা	died	died
Divide—ভাগ করা	divided	divided
Dream— স্বপ্ন দেখা	dreamt	dreamt
Dry — শুষ্ক করা	dried	dried
Feed— খাওয়ান	fed	fed
Feel— অনুভব করা	felt	felt
Flee— পলায়ন করা	fled	fled
Gain— লাভ করা	gained	gained
Gather— সংগ্রহ করা	gathered	gathered
Hang— ফাঁসি দেওয়া	hanged	hanged
Have — আছে	had	had
Keep— রাখা	kept	kept
Kill— হত্যা করা	killed	killed
Knock— ধাক্কা দেওয়া	knocked	knocked

Present Tense	Past Tense	Past Participle
Lay— স্থাপন করা	laid	laid
Learn— শিক্ষা করা	learnt, learned	learnt, learned
Leave — ত্যাগ করা	left	left
Lend — ধার দেওয়া	lent	lent
Lie— মিথ্যা বলা	lied	lied
Like— পছন্দ করা	liked	liked
Live — বাস করা	lived	lived
Lose — হারান	lost	lost
Make — তৈরি করা	made	made
May— পারা	might	might
Mean— অর্থ প্রকাশ করা	meant	meant
Meet— সাক্ষাৎ করা	met	met
Obey— মান্য করা	obeyed	obeyed
Pay— পরিশোধ করা	paid	paid
Play— খেলা করা	played	played
Raise — উত্তোলন করা	raised	raised
Say— বলা	said	said
Seek— অনুসন্ধান করা	sought	sought
Sell— বিক্রয় করা	sold	sold
Show — দেখানো	showed	shown
Sleep — ঘুমান	slept	slept
Sow— বপন করা	sowed	sowed, sown
Spell— বানান করা	spelt	spelt
Spread — ছড়ানো	spread	spread
Sweep — ঝাঁট দেওয়া	swept	swept

Present Tense	Past Tense	Past Participle
Teach — শিক্ষা দেওয়া	taught	taught
Tell — বলা	told	told
Think — চিন্তা করা	thought	thought
Weep — কাঁদা	wept	wept
Wish — ইচ্ছা করা	wished	wished
Work— কাজ করা	worked	worked

নিচে কতকগুলো Weak verbs দেওয়া হল যারা Past Tense এবং Past participle-এ রূপের কোন পরিবর্তন সাধন করে না।

Present Tense	Past Tense	Past Participle
Bet — বাজি রাখা	bet	bet
Burst — ফেটে যাওয়া	burst	burst
Cast — নিক্ষেপ করা	cast	cast
Cost — খরচ করা	cost	cost
Cut— কাটা	cut	cut
Hit — আঘাত করা	hit	hit
Hurt— আঘাত করা	hurt	hurt
Let— দেওয়া	let	let
Put— রাখা	put	put
Read — পড়া	read (রেড)	read (রেড)
Rid— মুক্ত করা	rid	rid
Shut — বন্ধ করা	shut	shut
Spread — বিস্তার করা	spread	spread

EXERCISE (অনুশীলনী)

1. Verb কাকে বলে? উদাহরণ দাও।
2. Verb প্রধানত কত প্রকার ও কি কি? উদাহরণসহ লিখ।
3. নিচের sentence গুলো হতে verb বের কর ঃ

উদাহরণ (Example) : The girl danced

উত্তর (Answer) : danced

(a) The sun rises in the east.

(b) The wind blows.

(c) The lion roars.

(d) The bird sings.

(e) We sleep on beds.

4. Strong verb ও Weak verb কাকে বলে? প্রত্যেকটির পাঁচটি করে উদাহরণ দাও।
5. এমন পাঁচটি verb লেখ যাদের Past ও Past Participle রূপ একই।
6. নিচের verb গুলোর Past ও Past Participle রূপ লিখ ঃ

Drive, Want, Arise, Bid, Eat, Drink, Fly, Buy, Advise, Catch, Hang, May, Lose, Take, Speak.

7. নিচের verb গুলো থেকে strong verb ও weak verb পৃথক করে নিচের ঘরগুলোতে বসাও ঃ

Send, Fall, Show, Can, Bleed, Win, Carry, Flee, Write, Play, Steal, Bring.

Strong Verbs	Weak Verbs

LESSON 12

ADVERB (এডভার্ব) ঃ ক্রিয়া বিশেষণ

- *Adverb শব্দের অর্থ ক্রিয়া-বিশেষণ।*
- *Adverb কোন sentence-এ ব্যবহৃত verb, adjective বা অন্য কোন adverb-এর অর্থকে স্পষ্টভাবে প্রকাশ করে।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. Habib walks **slowly**. (হাবিব ধীরে হাঁটে।)
2. The man is **very** poor. (লোকটি খুব গরিব।)
3. He runs **very** quickly. (সে খুব দ্রুত দৌড়ায়।)

এখানে প্রথম sentence–এ walks একটি verb এবং তাকে modify (দোষ, গুণ প্রকাশ) করছে slowly শব্দটি। তাই slowly শব্দটি একটি Adverb। অনুরূপভাবে, দ্বিতীয় sentence-এ poor একটি adjective এবং তাকে modify (দোষ, গুণ প্রকাশ) করছে very শব্দটি। তাই very শব্দটি একটি Adverb. তৃতীয় sentence-এ quickly শব্দটি একটি Adverb এবং তাকে modify (দোষ, গুণ প্রকাশ) করছে very শব্দটি। অর্থাৎ very শব্দটি একটি Adverb.

Adverb কাকে বলে?

যে word কোন verb, adjective বা অন্য কোন adverb-এর দোষ, গুণ বা অবস্থা প্রকাশ করে, তাকে Adverb বলে।

[An adverb is a word which modifies the meaning of a verb, an adjective or another adverb.]

নিচে কিছু adverb- এর উদাহরণ দেওয়া হল ঃ

Ago — পূর্বে	Very— অত্যন্ত
Now — এখন	Always — সর্বদা
Here — এখানে	Yesterday— গতকাল
There — সেখানে	Today— আজ
Daily— প্রত্যহ	Fast— দ্রুতবেগে

অধিকাংশ adjective-এর শেষে "ly" যোগ করে adverb গঠিত হয়।

উদাহরণ বা **Examples :**

Adjective	**Adverb**	**Adjective**	**Adverb**
Quick + ly	Quickly	Kind + ly	Kindly
Loud + ly	Loudly	Honest + ly	Honestly
Slow + ly	Slowly	Beautiful + ly	Beautifully

EXERCISE (অনুশীলনী)

1. Adverb কাকে বলে? উদাহরণ দাও।

2. নিচের Sentence গুলো হতে adverb বের কর ঃ

(a) The horse runs very fast.
(b) She sings sweetly.
(c) He will come soon.
(d) Jamal often goes there.
(e) She is very honest.
(f) She is dancing beautifully.
(g) I am very happy.
(h) Never tell a lie
(i) Kajol lives here.
(j) He is reading loudly.

3. নিচের বক্স থেকে adverb নিয়ে শূন্যস্থান পূরণ কর ঃ

প্রথমটি করে দেখান হল ঃ

silently	easily	slowly	well
always	daily	today	here

(a) He has done the sum **easily.**
(b) She comes here ———.
(c) They are working ———.
(d) He ——— comes to me.
(e) The old man walks ———.
(f) He will go ———.
(g) Sabbir came ——— yesterday.
(h) I have done it———.

LESSON 13

PREPOSITION (প্রিপোজিশ্‌ন) ঃ পদান্বয়ী অব্যয়/সম্বন্ধবাচক অব্যয়

- *Preposition অর্থ পদান্বয়ী অব্যয়/সম্বন্ধবাচক অব্যয়।*
- *Preposition sentence-এর noun বা pronoun-এর পূর্বে বসে অন্য word -এর সাথে noun বা pronoun-এর সম্পর্ক স্থাপন করে।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. We live **in** Dhaka. (আমরা ঢাকায় বাস করি।)
2. He sat **by** me. (সে আমার পাশে বসেছিল।)
3. Rana goes **to** school everyday. (রানা প্রতিদিন স্কুলে যায়।)

প্রথম sentence-এ 'in' শব্দটি Dhaka (noun)–এর আগে বসে we এর সাথে Dhaka-এর সম্পর্ক প্রকাশ করছে। ফলে আমরা জানতে পারছি আমরা (we) ঢাকা (Dhaka) বাস করি। দ্বিতীয় sentence–এ 'by' শব্দটি me (pronoun)–এর আগে বসে He-এর সাথে me-এর সম্পর্ক প্রকাশ করছে। ফলে আমরা জানতে পারছি সে (He) আমার (me) পাশে বসেছিল। তেমনি তৃতীয় sentence-এ 'to' শব্দটি school (noun)–এর পূর্বে বসে Rana-এর সাথে school-এর সম্পর্ক স্থাপন করছে। ফলে আমরা জানতে পারছি Rana স্কুলে যায়। এই Sentence গুলোতে in, by ও to preposition.

Preposition কাকে বলে?

যে word কোন noun বা pronoun–এর আগে বসে sentence–এর অন্যান্য noun বা pronoun–এর সাথে সেই noun বা pronoun–এর সম্বন্ধ স্থাপন করে তাকে Preposition বলে।

[A preposition is a word placed before a noun or pronoun to show its relation with other noun or pronoun in the sentence.]

নিচের **word** গুলো **preposition** রূপে ব্যবহৃত হয় ঃ

At — তে, এতে	From — হতে
By— পাশে, নিকটে, দ্বারা	In, Into— মধ্যে
Between— দুইয়ের মধ্যে	Of— এর, র
For — জন্য	On, Upon— উপর দিয়ে
To — প্রতি	With — দ্বারা, দিয়া, সহিত

EXERCISE (অনুশীলনী)

1. Preposition কাকে বলে? উদাহরণ দাও।

2. নিচের sentence গুলো হতে preposition বের কর ঃ

(a) He is in the room.

(b) Please come with me.

(c) I live at Gandaria.

(d) Hasan writes a letter to his friend.

(e) She is fond of milk.

3. নিচের list থেকে preposition বেছে নিযে খালি জায়গায় বসাও ঃ

is, on, by, beside, under, between.

(a) The book is ——— the table.

(b) The window is ——— the table.

(c) The ball is ——— the table.

(d) The chair is ——— the table.

(e) The fan is ——— the table.

(f) The book is ——— the bag.

aeioue

LESSON 14

CONJUNCTION
(কন্‌জাঙ্‌ক্‌শ্‌ন) ঃ সংযোজক অব্যয়

- *Conjunction অর্থাৎ সংযোজক অব্যয়।*
- *Conjunction দুই বা তার বেশি word (শব্দ) বা sentence (বাক্য)-কে যুক্ত করে।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. Mina **and** Neela are walking in the field. (মিনা এবং নীলা মাঠে হাঁটছে)
2. The man is poor. (লোকটি গরিব) The man is honest. (লোকটি সৎ)

The man is poor **but** honest. (লোকটি গরিব কিন্তু সৎ।)

উপরের ১ নম্বরে একটি sentence আছে। এই sentence টিতে 'and' শব্দটি Mina Neela শব্দ দুটিকে যুক্ত করেছে। ২য় নম্বরে sentence আছে দুটি। যেমন— The man is poor একটি বাক্য আবার The man is honest অপর একটি বাক্য। কিন্তু এখানে 'but' শব্দ দুটি sentence-কে যুক্ত করে একটি sentence করেছে। অর্থাৎ এই sentence দুটিতে 'and' এবং 'but' দুটি Conjunction.

Conjunction কাকে বলে?

যে word (শব্দ) দুটি বা দুয়ের অধিক word (শব্দ) বা sentence (বাক্য)-কে যুক্ত করে তাকে Conjunction বা সংযোজক অব্যয় বলে।

[A conjunction is a word that joins two or more words or sentences.]

নিচে কয়েকটি Conjunction-এর উদাহরণ দেওয়া হল ঃ

And — এবং But— কিন্তু If — যদি Or — অথবা	Since — সে মুহূর্ত থেকে/ তারপর Though— যদিও Till— সে পর্যন্ত	So— সে জন্য Than— অপেক্ষা, চেয়ে Until — যে পর্যন্ত না

EXERCISE (অনুশীলনী)

1. Conjunction কাকে বলে? উদাহরণ দাও।
2. নিচের sentence গুলো হতে Conjunction বের কর ঃ
   (a) They are rich but kind.
   (b) I shall go if you come.
   (c) Munni and Shipra are sisters.
   (d) He will come by bus or by train.
   (e) Wait here until I return.

LESSON 15

INTERJECTION (ইন্‌টারজেকশ্‌ন্) ঃ বিস্ময়সূচক বা আবেগসূচক অব্যয়

- *Interjection অর্থ বিস্ময় বা আবেগসূচক অব্যয়।*
- *Interjection দিয়ে মনের দুঃখ, আনন্দ, বিষাদ, ঘৃণা ইত্যাদি প্রকাশ করা হয়।*
- *Interjection word-এর পর একটি বিস্ময়সূচক চিহ্ন (!) ব্যবহৃত হয়। এই চিহ্ন sentence-এর প্রথমেও থাকতে পারে আবার শেষেও থাকতে পারে।*
- *Interjection word সাধারণত sentence-এর প্রথমে বসে। Interjectionসূচক শব্দগুলোর সাথে বাক্যের অন্য কোন পদের সম্বন্ধ থাকে না।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. Alas! I am undone. (হায়! আমি শেষ হয়ে গেছি।)
2. Hurrah! We won the match. (বাহবা! আমরা খেলায় জিতেছি।)
3. Fie! You are a lair. (ধিক! তুমি মিথ্যাবাদী।)

উপরের sentenceগুলো লক্ষ্য করলে দেখা যাবে ১ম বাক্যে 'Alas' এই word টি দিয়ে দুঃখ প্রকাশ করছে। ২য় বাক্যে 'Hurrah' এই word টি দিয়ে আনন্দ প্রকাশ করছে। ৩য় বাক্যে 'Fie' (ফাই) এই শব্দটি দিয়ে ঘৃণা প্রকাশ করছে। অর্থাৎ Alas, Hurrah, Fie এই word বা শব্দগুলো Interjection.

✍ Interjection কাকে বলে?

যে word দিয়ে মনের আনন্দ, দুঃখ, বিস্ময়, ভয়, ঘৃণা ইত্যাদি প্রকাশ করা হয় তাকে Interjection বা আবেগসূচক অব্যয় বলে।

নিচে Interjection-এর কতকগুলো উদাহরণ দেওয়া হল ঃ

Oh! Ah! (ওহ, আঃ) — হায়, আহা (বিস্ময় প্রকাশক)
Alas! (এ্যালাস) — হায় হায় (দুঃখ বা বিষাদ প্রকাশক)
Bravo! (ব্রেভো) — সাবাস, বাহবা (প্রশংসা প্রকাশক)
Excellent! (একসসালান্ট), Hurrah! (হুররাহ)—বাহ্‌বা (আনন্দ বা উল্লাস প্রকাশক)
Hallo! (হ্যালো) — ওহে (সম্বোধন প্রকাশক)

Good-bye! (গুড–বাই), Good night! (গুড–নাইট), Farewell! (ফেয়ারওয়েল)—(বিদায় সূচক)

EXERCIE (অনুশীলনী)

1. Interjection কাকে বলে? উদাহরণ দাও।
2. নিচের sentence গুলো হতে interjection বের কর ঃ
   (a) Alas! The man is dead.
   (b) Good-bye! See you again.
   (c) Hallo! Mr. Rahman, how are you?
   (d) Bravo! you pass the examination?
   (e) Oh! What a beautiful flower it is!

LESSON 16 NUMBER (নাম্বার) ঃ বচন

- *Number অর্থ সংখ্যা।*
- *Number দ্বারা আমরা কোন ব্যক্তি, বস্তু বা প্রাণির সংখ্যা বুঝে থাকি।*
- *Number এক বা একের অধিক ব্যক্তি, বস্তু বা প্রাণির সংখ্যার ধারণা দেয়।*

1. One book

2. Two girls

3. Six hens

উপরের 1 No, 2 No এবং 3 No ছবিগুলো দ্বারা যথাক্রমে One book-একটি বই, Two girls-দুটি বালকা, Six hens- ছয়টি মুরগি বোঝাচ্ছে। অর্থাৎ এরা ব্যক্তি, বস্তু ও প্রাণির সংখ্যা বোঝাচ্ছে।

Number কাকে বলে?

যে word দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা প্রাণির অর্থাৎ কোন noun বা pronoun-এর সংখ্যা বোঝায় তাকে Number বলে।

[A word that indicates one or two person, thing or animal is called number.]

One doll

Two dolls

A boy

Three boys

উপরের পৃষ্ঠার ছবিগুলোতে "doll" দ্বারা একটি পুতুল এবং "dolls" দ্বারা দুটি পুতুল বোঝাচ্ছে। আবার "boy" দ্বারা একজন বালক এবং "boys" দ্বারা তিনটি বালক বোঝাচ্ছে। অর্থাৎ "doll" ও "boy" হচ্ছে Singular number এবং "dolls" ও "boys" হচ্ছে Plural number.

✍ Number কত প্রকার ও কি কি?

Number দুই প্রকার। যেমন—

(1) Singular number বা একবচন, (2) Plural number বা বহুবচন

Singular Number : যে word বা শব্দ একটি মাত্র ব্যক্তি, বস্তু বা প্রাণিকে বোঝায় তাকে Singular number বলে।

[A word that means only one person, thing or animal is called singular number.]

উদাহরণ বা **Examples :** I have one **doll.**
He is a **boy.**

Plural Number : যে word বা শব্দ একাধিক ব্যক্তি, বস্তু বা প্রাণিকে বোঝায় তাকে Plural number বলে।

[A word that means more than one person, thing or animal is called plural number.]

উদাহরণ বা **Examples :** She has two **dolls.**
They are **boys.**

Singular Number-কে Plural Number-এ পরিবর্তন করার নিয়ম

Number of Nouns

Singular noun-কে plural করার নিয়মগুলো নিচে দেওয়া হল ঃ

1. সাধারণত Singular number-এর noun-এর শেষে 's' যোগ করে Plural করা হয় যেমন—

Singular	Plural	Singular	Plural
Apple	Apples	Egg	Eggs
Ant	Ants	Ear	Ears
Boy	Boys	Flag	Flags
Bird	Birds	Girl	Girls
Ball	Balls	Friend	Friends
Book	Books	King	Kings
Cat	Cats	Mat	Mats
Cow	Cows	Net	Nets
Cap	Caps	Hand	Hands
Cup	Cups	Son	Son
Car	Cars	Tree	Trees
Dog	Dogs	Room	Rooms
Day	Days	Queen	Queens
Duck	Ducks		

2. যে সব Singular noun-এর শেষে s, ss, sh, ch, x বা z থাকে সে সব word/noun-এর শেষে es যোগ করে plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Ass	Asses	Watch	Watches
Box	Boxes	Tax	Taxes
Bench	Benches	Match	Matches
Bus	Buses	Church	Churches
Bush	Bushes	Fox	Foxes
Class	Classes	Fez	Fezes
Dish	Dishes	Glass	Glasses
Fish	Fishes	Gas	Gases

ব্যতিক্রম (Exception) : কোন Singular noun-এর শেষে 'ch'-এর উচ্চারণ যদি 'ক' এর মত হয় তবে সে word/noun-এর শেষে শুধু 's' যোগ করে plural করতে হয়; যেমন—

Singular	Plural
Stomach	Stomachs
Monarch	Monarchs
Eunuch	Eunuchs

3. Singular noun-এর শেষে যদি 'y' থাকে এবং 'y'-এর ঠিক পূর্বে consonant থাকে তবে তার Plural করার সময় 'y'-এর স্থানে i হয় এবং তারপর es যোগ করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Army	Armies	Lady	Ladies
Baby	Babies	Lily	Lilies
Body	Bodies	Story	Stories
City	Cities	Country	Countries
Duty	Duties	Family	Families
Copy	Copies	Fly	Flies
Reply	Replies	Enemy	Enemies
		University	Universities

4. Singular noun-এর শেষে যদি 'y' থাকে এবং 'y'-এর ঠিক পূর্বে যদি vowel থাকে তবে তার Plural করার সময় Singular noun-এর শেষে 's' যোগ করে Plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Boy	Boys	Monkey	Monkeys
Day	Days	Donkey	Donkeys
Essay	Essays	Journey	Journeys
Joy	Joys	Way	Ways
Bay	Bays	Play	Plays

5. Singular noun-এর শেষে যদি f বা fe থাকে তবে ঐ f বা fe-এর স্থলে ves যোগ করে plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Knife	Knives	Shelf	Shelves
Loaf	Loaves	Wife	Wives
Half	Halves	Wolf	Wolves
Calf	Calves	Thief	Thieves
Leaf	Leaves	Live	Lives

ব্যতিক্রম (Exception) : কতকগুলো Singular noun-এর শেষে f বা fe থাকা সত্ত্বেও শুধু s যোগ করে Plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Gulf	Gulfs	Roof	Roofs
Chief	Chiefs	Proof	Proofs
Dwarf	Dwarfs	Safe	Safes
Grief	Griefs	Strife	Strifes
Hoof	Hoofs		

6. Singular number-এ noun-এর শেষে 'o' থাকলে এবং 'o'-এর পূর্বে consonant থাকলে es যোগ করে plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Hero	Heroes	Mango	Mangoes
Echo	Echoes	Volcano	Volcanoes
Tomato	Tomatoes	Potato	Potatoes
Buffalo	Buffaloes	Mosquito	Mosquitoes

7. Singular number-এ noun-এর শেষে 'o' থাকলে এবং 'o'- এর পূর্বে vowel থাকলে শুধু s যোগ করে Plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Cuckoo	Cuckoos	Studio	Studios
Bamboo	Bamboos	Folio	Folios
Piano	Pianos	Photo	Photos
Radio	Radios		

8. কতকগুলো Singular noun-এর vowel পরিবর্তন করে plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Foot	Feet	Mouse	Mice
Louse	Lice	Goose	Geese
Man	Men	Tooth	Teeth
Woman	Women		

9. Singular number-এর কতকগুলো noun-এর শেষে ren বা en যোগ করে Plural করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Child	Children	Ox	Oxen
Brother	Brethren		

10. Compound word বিশিষ্ট noun-এর singular number-কে plural number-এ পরিণত করতে প্রধান অংশটির শেষে s যোগ করতে হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Son-in-law	Sons-in-law	Passer-by	Passers-by
Brother-in-law	Brothers-in-law	Father-in-law	Fathers-in law
Sister-in-law	Sisters-in-law		

11. Compound word বিশিষ্ট noun-এর শেষে যদি man থাকে তবে তাকে plural করতে man-এর স্থলে men হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Boatman	Boatmen	Milkman	Milkmen
Chairman	Chairmen	Postman	Postmen
Englishman	Englishmen	Workman	Workmen
Fisherman	Fishermen	Washerman	Washermen

ব্যতিক্রম (Exeption) : Man এর অর্থ মানুষ না হলে Singular number-এর শেষে শুধু 's' যোগ করে Plural করতে হয়; যেমন—

Singular	Plural
Mussalman	Mussalmans
German	Germans
Brahman	Brahmans

12. কতকগুলো noun/word আছে যাদের Singular form এবং Plural form একই রকম হয়; যেমন—

Singular	Plural	Singular	Plural
Deer	Two deer	Dozen	Six dozen
Sheep	Four Sheep	Hundred	Three hundred
Pair	Five pair		

Number of Pronouns

Noun-এর মতে Pronoun-এরও Singular ও Plural form আছে। তবে Pronoun-কে Singular number থেকে Plural number-এ পরিণত করার কোন নির্দিষ্ট নিয়ম নেই।

নিচে কতকগুলো Pronoun-এর Singular ও Plural number দেওয়া হল ঃ

Singular	Plural
I (আমি)	We (আমরা)
My, mine (আমার)	Our, ours (আমাদের)
You (তুমি, আপনি, তোমাকে, আপনাকে)	You (তোমরা, আপনারা, তোমাদেরকে, আপনাদেরকে)
He (সে, তিনি পুং)	They (তারা)
She (সে, তিনি স্ত্রী)	They (তারা)
It (এ, ইহা)	They (এরা)
His (তার-পুরুষ)	Their (তাদের)
Her, hers (তার-স্ত্রী)	Their (তাদের)
Its (এর)	Their (এদের)
Him (তাকে-পুরুষ)	Them(তাদেরকে)
Her (তাকে-স্ত্রী)	Them (তাদেরকে)
It (একে)	Them (এদেরকে)
This (এটি)	These (এগুলো)
That (ঐটি)	Those (ঐগুলো)

EXERCISE (অনুশীলনী)

1. Number কাকে বলে? উদাহরণ দাও।
2. Number কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।
3. Singular number কাকে বলে? উদাহরণ দাও।
4. Plural number কাকে বলে? উদাহরণ দাও।
5. নিচের Singular noun গুলোকে Plural noun- এ পরিবর্তন কর ঃ

Book, Hand, Box, Baby, Ass, Bench, Duty, Key, Monkey, Calf, Roof, Bamboo, Foot, Potato, Mouse, Loaf.

6. বিপরীত number লিখ ঃ

Families, Day, Wives, Photos, Armies, I, Those, Boatman, Church, Play, Glasses, Tree, Fly, Thief, Hoof.

LESSON 17 GENDER (জেন্ডার) ঃ লিঙ্গ

- *Gender (জেন্ডার) অর্থ লিঙ্গ।*
- *Gender বলতে পুরুষবাচক, স্ত্রীবাচক, স্ত্রী-পুরুষ উভয়ই এবং অপ্রাণিবাচক শব্দকে বোঝায়।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. He is a **fisherman.** (সে একজন জেলে।)
2. She is a **woman.** (সে একজন স্ত্রীলোক।)
3. The **baby** is sleeping. (শিশুটি ঘুমাচ্ছে।)
4. These **books** are new. (এই বইগুলো নতুন।)

উপরের sentence গুলো লক্ষ্য করলে দেখা যাচ্ছে যে, 1নং বাক্যে "fisherman" এ word টি দ্বারা পুরুষ জাতিকে বোঝাচ্ছে। 2নং বাক্যে "woman" এ word টি দ্বারা স্ত্রী জাতিকে বোঝাচ্ছে। 3নং বাক্যে 'baby' এ word টি দ্বারা স্ত্রী বা পুরুষ উভয় জাতিকে বোঝাচ্ছে। 4নং বাক্যে 'books' এ word টি দ্বারা কতকগুলো অচেতন পদার্থকে বোঝাচ্ছে।

Gender কাকে বলে?

(যে সব noun বা pronoun দ্বারা স্ত্রী বা পুরুষ বা স্ত্রী-পুরুষ উভয়ই কিংবা কোন জড় পদার্থকে বোঝায় তাকে Gender বলে।)

[A noun or pronoun that expresses male or female or both male and female or lifeless thing is called gender.]

Classification of gender : লিঙ্গের শ্রেণিবিভাগ

ইংরেজিতে Gender চার প্রকার। যেমন—

1. Masculine Gender (ম্যাস্‌কিউলিন জেনডার) — পুংলিঙ্গ।
2. Feminine Gender (ফেমানিন্ জেন্‌ডার)— স্ত্রীলিঙ্গ।
3. Common Gender (কমন জেন্‌ডার) — উভয় লিঙ্গ।
4. Neuter Gender (নিউটার জেন্‌ডার) — ক্লীবলিঙ্গ বা জড় পদার্থ।

1. Masculine Gender (ম্যাস্‌কিউলিন জেন্‌ডার) ঃ পুংলিঙ্গ

Boy

King

Cock

যে noun বা pronoun দ্বারা পুরুষ জাতীয় প্রাণি বোঝায় তাকে Masculine Gender বা পুংলিঙ্গ বলে।

[A noun or pronoun that denotes a male animal is called a Masculine Gender.]

উদাহরণ বা **Examples :** Boy, Man, King, Ball এবং Cock ইত্যাদি।

2. Feminine Gender (ফেমানিন্ জেন্ডার) ঃ স্ত্রীলিঙ্গ

Girl

Queen

Hen

যে noun বা pronoun দ্বারা স্ত্রী জাতীয় প্রাণি বোঝায় তাকে Feminine Gender বলে।

[A noun or pronoun that denotes a female animal is called Feminine Gender.]

উদাহরণ বা **Examples :** Girl, Woman, Queen, Hen, Cow ইত্যাদি।

3. Common Gender (কমন জেন্ডার) ঃ উভয় লিঙ্গ

Baby

Bird

Students

যে noun বা pronoun দ্বারা পুরুষ জাতি ও স্ত্রী জাতি উভয়কে বোঝায় তাকে Common Gender বলে।

[A noun or pronoun that denotes both male and female is called Common Gender.]

উদাহরণ বা **Examples :** Student, Bird, Baby, Cousin ইত্যাদি।

4. Neuter Gender (নিউটার জেন্‌ডার) ঃ ক্লীব লিঙ্গ

Book

Table

যে noun বা pronoun দ্বারা পুরুষ জাতি বা স্ত্রী জাতিকে না বুঝিয়ে অচেতন বা জড় পদা বোঝায় তাকে Neuter Gender বা ক্লীব লিঙ্গ বলে।

[A noun or pronoun that denotes a lifeless thing is called a Neuter Gender.]

উদাহরণ বা **Examples :** Book, Pen, Table, Radio ইত্যাদি।

Gender পরিবর্তন কাকে বলে?

পুরুষবাচক word-কে স্ত্রীবাচক word-এ পরিণত করাকে Gender পরিবর্তন বলে।

[To change a male word to a female word is called changing gender.]

Gender (পরিবর্তন করার নিয়ম)

A. Gender of Nouns

নিম্নে Gender পরিবর্তনের নিয়মাবলী দেওয়া হল ঃ

1. বিপরীত শব্দ দ্বারা Masculine Noun-কে Feminine Noun-এ পরিবর্তন করতে হয়। যেমন—

Masculine	Feminine	Masculine	Feminine
Father (বাবা)	Mother (মা)	Cock (মোরগ)	Hen (মুরগি)
Brother (ভাই)	Sister (বোন)	Dog (কুকুর)	Bitch (কুকুরী)
Boy (বালক)	Girl (বালিকা)	Horse (ঘোড়া).	Mare (মাদী ঘোড়া)
Son (পুত্র)	Daughter (কন্যা)	Gander (রাজ হংস)	Goose (রাজ হংসী
King (রাজা)	Queen (রানী)	Ram (ভেড়া)	Ewe (ভেড়ী)
Uncle (কাকা)	Aunt (কাকী)	Husband (স্বামী)	Wife (স্ত্রী)
Man (মানুষ)	Woman (স্ত্রীলোক)	Nephew (ভাইপো)	Niece (ভাইঝি)
Gentleman (ভদ্রলোক)	Lady (ভদ্রমহিলা)	Bridegroom (বর)	Bride (কনে)
Sir (জনাব)	Madam (বেগম)	Mr (সাহেব)	Mrs (বিবি)

2. Masculine noun-এর শেষে "ess" যোগ করে Feminine Gender-এ পরিবর্তন করা হয়; যেমন—

Masculine	Feminine	Masculine	Feminine
Author	Authoress	Lion	Lioness
Prince	Princess	Poet	Poetess
God	Goddess	Tutor	Tutoress

3. Masculine noun- এর শেষ syllable- এর vowel বাদ দিয়ে ess যোগ করে Feminine Gender-এ পরিবর্তন করা হয়; যেমন—

Masculine	Feminine	Masculine	Feminin
Actor	Actress	Master	Mistress
Tiger	Tigress	Waiter	Waitress
Doctor	Doctress	Director	Directress

4. Masculine Gender-এর আগে বা পরে স্ত্রীবাচক শব্দ যোগ করে Feminine Gender করা হয়; যেমন—

Masculine	Feminine	Masculine	Feminine
Man-servant	Maid-servant	Grand father	Grand mother
Land-lord	Land-lady	Washerman	Wsherwoman
Son-in-law	Daughter-in-law	Father-in-law	Mother-in-law

B. Gender of Pronouns

Masculine	Feminine	Masculine	Feminine
He	She	Him	Her
His	Her	Himself	Herself

EXERCISE (অনুশীলনী)

1. Gender কাকে বলে? উদাহরণ দাও।
2. Gender কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার Gender-এর পাঁচটি করে উদাহরণ দাও।
3. Masculine ও Feminine Gender কাকে বলে? উদাহরণ দাও।
4. Common ও Neuter Gender কাকে বলে? উদাহরণ দাও।
5. মোটা অক্ষরের word গুলো কোনটি কোন Gender লিখ ঃ

প্রথমটি তোমাকে করে দেখান হল ঃ

(a) **She** is a teacher.

She — Feminine gender.

(b) **Children** are playing in the garden.

(c) The **lion** is the king of animals.

(d) Begum Sufia Kamal is a **poetess.**

(e) I have a **clock.**

(f) He is a **school-master.**

6. নিচের wordগুলো Feminine Gender-এ পরিবর্তন কর :

Boy, King, Man, Horse, Dog, Himself, Grandfather, He, Prince, Master, Bridegroom.

LESSON 18	PERSON (পারসন) ঃ পুরুষ

- Person শব্দের অর্থ ব্যক্তি।
- Person-কে English Grammar-এর ভাষায় পুরুষ বলা হয়।
- মানুষ, বস্তু বা প্রাণি সবাই Person হতে পারে।
- সাধারণত Noun ও Pronoun-এর Person হয়।

Noun বা নামবাচক শব্দের Person **Pronoun-এর Person**

Sabina

dog

I

We

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. I am a girl. (আমি একজন বালিকা।)

2. You are a boy. (তুমি একজন বালক।)

3. He is an honest man. (তিনি একন সৎ লোক।)

উপরের বাক্যগুলোতে I, You এবং He তিনটি কর্তা ভিন্ন ধরনের।

I, You এবং He এই ভিন্ন ধরনের Subject বা কর্তাগুলো হল Person.

Person কাকে বলে?

কোন Sentence-এর Subject বা কর্তার বিভিন্ন রূপকে Person বলে।

[The various forms of a subject in a sentence is called person.]

Classification of Person পুরুষের শ্রেণিবিভাগ

Person তিন প্রকার। যেমন—

(1) First Person বা উত্তম পুরুষ,

(2) Second Person বা মধ্যম পুরুষ এবং

(3) Third Person বা নাম পুরুষ।

1. First Person বা উত্তম পুরুষ

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. I am a doctor. (আমি একজন ডাক্তার।)

2. We are girls. (আমরা বালিকা।)

এই Sentence দুটি লক্ষ্য করলে দেখা যায় ১নং Sentence-এ 'I' এবং ২নং Sentence-এ 'We' দ্বারা বক্তা নিজেকে বোঝাচ্ছে। এদেরকে First Person বলে।

First Person কাকে বলে?

বক্তা যখন নিজের সম্বন্ধে কিছু বলে বা করে, তখন তার Person-কে First Person বলে।

[The person who says about himself is called the first person.]

উদাহরণ বা Examples : I, we, mine, our ইত্যাদি।

2. Second Person বা মধ্যম পুরুষ

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(i) You are students. (তোমরা ছাত্র।)

(ii) Your brother is a good boy.(তোমার ভাই একজন ভাল ছেলে।)

উপরের sentence দুটি লক্ষ্য করলে দেখা যায় 'You' এবং 'Your' দিয়ে বক্তা কাউকে সম্বোধন করে কিছু বলছে। এদের Second Person বলে।

✍ **Second Person কাকে বলে?**

বক্তা যাকে উদ্দেশ্য করে কিছু বলে, তখন তার Person-কে Second Person বলে।

[The person who is addressed is called second person.]

উদাহরণ বা Examples : You, Your, They ইত্যাদি।

3. Third Person বা নাম পুরুষ

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(i) Arif reads a book. (আরিফ একটি বই পড়ে।)

(ii) The sun rises in the east. (সূর্য পূর্ব দিকে ওঠে।)

এই Sentence দুটি লক্ষ্য করলে দেখা যায় যে, ১নং বাক্যে 'Arif' দিয়ে একজন ব্যক্তি এবং ২নং বাক্যে 'The sun' দিয়ে সূর্য সম্বন্ধে বলা হয়েছে। এই 'Arif' এবং 'The sun' শব্দগুলো হচ্ছে Third Person.

✍ **Third Person কাকে বলে?**

যখন বক্তা অন্য কোন ব্যক্তি বা বস্তু সম্বন্ধে কিছু বলে, তখন ঐ ব্যক্তি বা বস্তুর Person-কে Third person বলে।

[The person or thing which is addressed by other person is called third person.]

উদাহরণ বা Examples : He, She, It, Arif, The sun, Cat, Dog ইত্যাদি।

Note : *First ও Second person ছাড়া পৃথিবীতে যত noun বা pronoun আছে সবই Third person.*

Person- এর Number

Person–এর Singular ও Plural হয়ে থাকে। নিচে ছকের মাধ্যমে তা দেখান হল ঃ

Person	Singular	Plural
First Person	I (আমি) Me (আমাকে) My (আমার) Mine (আমার)	We (আমরা) Us (আমাদেরকে) Our (আমাদের) Ours (আমাদের)
Second Person	You (তুমি) You (তোমাকে) Your (তোমার)	You (তোমরা) You (তোমাদেরকে) Yours (তোমাদের)
Third Person	He, She, It (সে, এটা) Him, Her, It (তাকে, একে) His, Her, Hers, Its (তার, এর)	They (তারা, এরা) Them (তাদেরকে, এদেরকে) Their, Theirs (তাদের, এদের)

EXERCISE (অনুশীলনী)

1. Person কাকে বলে? উদাহরণ দাও।
2. Person কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।
3. উদাহরণসহ প্রত্যেক প্রকার Person-এর সংজ্ঞা লিখ।
4. নিচের word গুলোর কোনটি কোন person লিখ ঃ

প্রথমটি তোমাকে করে দেখান হল ঃ

Words	Person	Words	Person
(a) We (b) They (c) The cat (d) Arifa (e) You (f) The moon (g) Pen (h) Father	(a) First person	(i) Their (j) Dhaka (k) Us (l) Them (m) Mine (n) His (o) Yours (p) It	

LESSON 19	ARTICLES (আরটিক্‌ল্‌স্‌) ঃ বিশেষ্য নির্দেশক

- *Articles শব্দের অর্থ বিশেষ্য নির্দেশক।*
- *A, An, The— এই তিনটি শব্দ Articles.*
- *A বা An অর্থ এক বা একটি বা একটা।*
- *The অর্থ টি, টা, খানা, খানি ইত্যাদি।*
- *A বা An কোন Noun এর পূর্বে বসে Noun –কে অনির্দিষ্টভাবে বোঝায়।*
- *The কোন Noun- এর পূর্বে বসে Noun–কে নির্দিষ্টভাবে বোঝায়।*
- *Article "A" বা "An", One- এর সংক্ষিপ্ত রূপ।*
- *Article "The" This, That, These ইত্যাদির সংক্ষিপ্ত রূপ।*

ARTICLES

A Book

An Apple

The Cow

উপরের ১নং চিত্রে A book-এর 'A', ২নং চিত্রে An apple–এর 'An' এবং ৩নং চিত্রে The cow-এর 'The' হচ্ছে Article অর্থাৎ A, An ও The এই তিনটি হচ্ছে Articles.

Article কাকে বলে?

(A, An এবং The এই তিনটি word কোন noun–এর পূর্বে বসে সে Noun–কে নির্দিষ্ট বা অনির্দিষ্ট করে বোঝায় বলে এই word তিনটিকে Articles বলে।)

[The three words 'A','An' and 'The' denote a noun definitely or indefinitely are called Articles.]

উদাহরণ বা **Examples :** He has **a** box.
It is **an** orange.
The dog is black.

Classification of Article [Article-এর শ্রেণিবিভাগ]

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

1. Give me **a** pen. (আমাকে একটি কলম দাও।)
2. It is **an** egg. (ইহা একটি ডিম।)
3. **The** man is walking. (লোকটি হাঁটছে।)

উপরের ১নং বাক্যে a pen যে-কোন একটি কলম বোঝাচ্ছে। তেমনি ২নং বাক্যে an egg যে-কোন একটি ডিম বোঝাচ্ছে। কিন্তু ৩নং বাক্যে The man একটি নির্দিষ্ট লোককে বোঝাচ্ছে। অর্থাৎ ১নং ও ২নং বাক্যে 'a' ও 'an' হচ্ছে Indefinite Article এবং ৩নং বাক্যে 'The' হচ্ছে Definite Article.

✍ Article কত প্রকার?

Article দুই প্রকার : যথা –

(1) Indefinite Article (অনির্দিষ্ট বিশেষ্য নির্দেশক।)

(2) Definite Article (নির্দিষ্ট বিশেষ্য নির্দেশক।)

1. Indefinite Article কাকে বলে?

A ও An দ্বারা অনির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তুকে বোঝায় বলে এদেরকে Indefinite Article বলে।

['A' or 'An' is called the Indefinite Article because it points out any indefinite person or thing.]

2. Definite Article কাকে বলে?

The দ্বারা নির্দিষ্ট করে কোন ব্যক্তি বা বস্তুকে বোঝায় বলে একে Definite Article বলে।

["The" is called the Definite Article because it points out any particular person or thing.]

উদাহরণ বা **Examples : The** sky, **The** pencil, **The** sun ইত্যাদি।

Article-এর ব্যবহার

A ও An এর ব্যবহার

(1) সাধারণত শব্দের প্রথম অক্ষর Consonant হলে তার পূর্বে A বসে; যেমন— A chair, A boy, A tiger.

(2) কিন্তু যে সব word-এর প্রথম অক্ষর vowel হওয়া সত্ত্বেও উচ্চারণ 'u' (ইউ) অর্থাৎ eu এবং 'owa' (ওয়া)–এর মত হয় তার পূর্বে A বসে; যেমন— A union, A useful book, A one-eyed man, A one-taka note, A European ইত্যাদি।

(3) সাধারণত যে সকল word–এর প্রথম অক্ষর vowel থাকে অর্থাৎ a, e, i, o, u থাকে তাদের পূর্বে 'An' বসে; যেমন— An ox, An ant, An umbrella, An inkpot, An egg, An old man ইত্যাদি।

(4) যদি কোন word এর প্রথম অক্ষর consonant হয় অথচ উচ্চারণে যদি vowel–এর A ধ্বনি আসে তাহলে তার আগে An বসে; যেমন— An M.A; An M. B. B.S., An LL. B; An M. Sc., An F. R. C. S; An S. D. O ইত্যাদি।

(5) যদি কোন word এর প্রথম অক্ষর 'h' হয় এবং 'h'-এর উচ্চারণ 'h'- এর মত না হয়ে 'o' (অ বা আ)–এর মত হয়, তবে তার পূর্বে 'An' বসে, যেমন— An hour, An honest man, An heir (উত্তরাধিকারী), An honour ইত্যাদি।

The- এর ব্যবহার

(1) এক বা একাধিক ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট করে বোঝালে, তার পূর্বে 'The' বসে; যেমন— The boy (বালকটি), The boys (বালকেরা), The man (মানুষটি), The cats (বিড়ালগুলো) ইত্যাদি।

(2) কোন জাতি বোঝালে তার আগে The বসে; যেমন— The cow (গরু জাতি), The Muslim (মুসলমান জাতি), The English (ইংরেজ জাতি)।

Note : মানুষ জাতি বোঝাতে Man-এর পূর্বে The বসে না; যেমন—Man is mortal (মানুষ মরণশীল)।

(3) নদী, সাগর, উপসাগর, মহাসাগর, পর্বতমালা ও দ্বীপপুঞ্জের নামের পূর্বে "The" বসে; যেমন—The Padma, The Bay of Bengal, The Himalayas, The Pacific Ocean, The Andamans ইত্যাদি।

(4) পৃথিবী, গ্রহ, চন্দ্র, সূর্য, দিক ইত্যাদি একক বস্তুর পূর্বে 'The' বসে; যেমন — The earth, The sun, The moon, The sky, The star, The east ইত্যাদি।

(5) ধর্মগ্রন্থ, সংবাদপত্র, প্রসিদ্ধ গ্রন্থ, রেলগাড়ি ও জাহাজের নামের পূর্বে 'The' বসে; যেমন— The Quran, The Geeta, The Bible, The Bangladesh Times, The Ittefaq, The Shahnama (প্রসিদ্ধ গ্রন্থ), The Mahanagar Express, The Titanic ইত্যাদি।

(6) ঋতুর নামের পূর্বে "The" বসে; যেমন— The Spring, The Summer, The Winter, The Autumn ইত্যাদি।

(7) তারিখের পূর্বে 'The' বসে; যেমন—The 30th of April, The 2nd June ইত্যাদি।

(8) পদের নামের পূর্বে 'The' বসে; যেমন— The Headmaster, The Manager ইত্যাদি।

EXERCISE (অনুশীলনী)

1. Article কাকে বলে? উদাহরণ দাও।
2. Article কত প্রকার ও কি কি?
3. Indefinite ও Definite Article কাকে বলে? উদাহরণ দাও।
4. শূন্যস্থানে 'A', 'An' বা 'The' বসাও ঃ

   প্রথমটি করে দেখান হল ঃ

   (a) **The** sun.
   (b) ______ orange.
   (c) ______ ant.
   (d) ______ Meghna.
   (e) ______ one taka note.
   (f) ______ European.

LESSON 20

TENSE (টেন্‌স) ঃ কাল

- *Tense অর্থ কাল বা সময়।*
- *Tense বা কাল ক্রিয়া সম্পন্ন হওয়ার সময় বলে দেয়।*
- *Tense বা কাল কোন কাজ শেষ হওয়ার তিনটি সময় বলে দেয়।*

নিচের বাক্যগুলো লক্ষ্য কর ঃ

(1) I go to school everyday. (আমি প্রতিদিন স্কুলে যাই।)

(2) I went to school yesterday. (আমি গতকাল স্কুলে গিয়েছিলাম।)

(3) I shall go to school tomorrow. (আমি আগামিকাল স্কুলে যাব।)

উপরের sentence তিনটিতে ভিন্ন ভিন্ন সময়ের কথা বলা হয়েছে। প্রথম sentence-এ 'I go' (আমি যাই) বর্তমান সময়ের কথা বলা হয়েছে। দ্বিতীয় sentence-এ 'I went' (আমি গিয়েছিলাম) অতীত সময়ের কথা বলা হয়েছে। তৃতীয় sentence-এ 'I shall go' (আমি যাব) ভবিষ্যৎ সময়ের কথা বলা হয়েছে। অর্থাৎ 'go', 'went' এবং 'shall go' হচ্ছে verb-এর ভিন্ন ভিন্ন রূপ। অর্থাৎ একই verb-এর তিনটি সময় (যেমন— বর্তমান, অতীত ও ভবিষ্যৎ) বোঝাচ্ছে। অতএব verb বা ক্রিয়ার এই বিভিন্ন সময় বা কালকে ইংরেজিতে Tense বলে।

Tense কাকে বলে?

Verb (ক্রিয়া)-এর সময় বা কালকে Tense বলে।

[The Tense is the time of action of a verb.]

Kinds of Tense (কাইন্ডস অব টেন্‌স) ঃ কালের শ্রেণিবিভাগ

Tense কত প্রকার?

ইংরেজিতে Tense তিন প্রকার। যেমন—

(1) Present Tense

(2) Past Tense

(3) Future Tense

1. Present Tense : বর্তমান কাল

যে verb-এর কাজ বর্তমান সময়ে সম্পন্ন হয় বোঝায়, তার কালকে Present Tense বা বর্তমান কাল বলে।

[A verb that refers to present time is called the Present Tense.]

উদাহরণ বা Examples : They eat rice. (তারা ভাত খায়।)

He writes a letter. (সে একটি চিঠি লিখে।)

He calls me. (সে আমাকে ডাকে।)

Present Tense কত প্রকার ও কি কি?

Present Tense-কে চার ভাগে ভাগ করা হয়েছে; যেমন—

(a) Present Indefinite Tense (সাধারণ বর্তমান কাল)

(b) Present Continuous Tense (ঘটমান বর্তমান কাল)

(c) Present Perfect Tense (পুরাঘটিত বর্তমান কাল)

(d) Present Perfect Continuous Tense (পুরাঘটিত ঘটমান বর্তমান কাল)

2. Past Tense : অতীত কাল

যে verb-এর কাজ অতীত সময়ে সম্পন্ন হয়েছিল বোঝায় তার কালকে Past Tense বা অতীত কাল বলে।

[A verb that refers to past time is called the Past Tense.]

উদাহরণ বা Examples : They ate rice. (তারা ভাত খেয়েছিল।)

He wrote a letter. (সে একটি চিঠি লিখেছিল।)

He called me. (সে আমাকে ডেকেছিল।)

Past Tense কত প্রকার ও কি কি?

Past Tense-কে চার ভাগে ভাগ করা হয়েছে; যেমন—

(a) Past Indefinite Tense (সাধারণ অতীত কাল)

(b) Past Continuous Tense (ঘটমান অতীত কাল)

(c) Past Perfect Tense (পুরাঘটিত অতীত কাল)

(d) Past Perfect Continuous Tense (পুরাঘটিত ঘটমান অতীত কাল)

3. Future Tense ঃ ভবিষ্যৎ কাল

যে verb-এর কাজ ভবিষ্যৎ সময়ে সম্পন্ন হবে বোঝায় তার কালকে Future Tense বা ভবিষ্যৎ কাল বলে।

[A verb that refer to future time is called the Future Tense.]

উদাহরণ বা Examples : They will eat rice. (তারা ভাত খাবে।)

He will write a letter. (সে একটি চিঠি লিখবে।)

He will call me. (সে আমাকে ডাকবে।)

✍ Future Tense কত প্রকার ও কি কি?

Future Tense-কে চার ভাগে ভাগ করা হয়েছে; যেমন—

(a) Future Indefinite Tense (সাধারণ ভবিষ্যৎ কাল)

(b) Future Continuous Tense (ঘটমান ভবিষ্যৎ কাল)

(c) Future Perfect Tense (পুরাঘটিত ভবিষ্যৎ কাল)

(d) Future Perfect Continuous Tense (পুরাঘটিত ঘটমান ভবিষ্যৎ কাল)

বিভিন্ন Tense অনুযায়ী Verb-এর গঠন

Subject-এর number of person এবং ক্রিয়ার কাল অনুযায়ী verb গঠিত হয়।

Present Tense

Indefinite	Singular Subject	(1) I play football. (আমি ফুটবল খেলি।)
	Plural Subject	(2) We play football. (আমরা ফুটবল খেলি।)
	Singular Subject	(3) He plays football. (সে ফুটবল খেলে।)
	Pluarl subject	(4) They play football. (তারা ফুটবল খেলে।)
Continuous	Singular subject	I am playing football. (আমি ফুটবল খেলছি।)
	Plural subject	We are playing football. (আমরা ফুটবল খেলছি।)

Perfect	Singular subject	I have played football. (আমি ফুটবল খেলেছি।)
	Plural subject	We have played football. (আমরা ফুটবল খেলেছি।)
Perfect Continuous	Singular subject	I have been playing football for an hour. (আমি এক ঘন্টা যাবৎ ফুটবল খেলছি।)
	Plural subject	We have been playing football for an hour. (আমরা এক ঘন্টা যাবৎ ফুটবল খেলছি।)

উপরের ছক থেকে আমরা দেখতে পাচ্ছি Present Indefinite Tense বা সাধারণ বর্তমান কালের ক্ষেত্রে subject বা কর্তার [First person singular ও plural, second person singular ও plural এবং Third person plural হলো] পর মূল verb বসে।

কিন্তু subject বা কর্তা Third person singular number অথবা কোন একজনের নাম হলে মূল verb-এর শেষে 's' বা 'es' যোগ করতে হয়। (Indefinite Tense-এর উদাহরণ-3)

Present Continuous Tense বা ঘটমান বর্তমান কালের ক্ষেত্রে subject বা কর্তার পর be verb এবং মূল verb-এর সাথে ing যোগ করতে হয়।

Present Perfect Tense বা পুরাঘটিত বর্তমান কালের ক্ষেত্রে subject বা কর্তার পর have/has verb এবং মূল verb-এর past participle লিখতে হয়।

Present Perfect Continuous Tense বা পুরাঘটিত ঘটমান বর্তমান কালের ক্ষেত্রে subject বা কর্তার পর have/has been verb এবং মূল verb-এর সাথে ing যোগ করতে হয়।

Past Tense

Indefinite	Singular Subject	I played football. (আমি ফুটবল খেললাম।)
	Plural Subject	We played football. (আমরা ফুটবল খেললাম।)
Continuous	Singular Subject	I was playing football. (আমি ফুটবল খেলছিলাম।)
	Plural Subject	We were playing football. (আমি ফুটবল খেলছিলাম।)

Perfect	Singular subject	I had played football. (আমি ফুটবল খেলেছিলাম।)
	Plural subject	We had played football. (আমরা ফুটবল খেলেছিলাম।)
Perfect Continuous	Singular subject	I had been playing football for an hour. (আমি এক ঘন্টা ধরে ফুটবল খেলছিলাম।)
	Plural subject	We had been playing football for an hour. (আমরা এক ঘন্টা ধরে ফুটবল খেলছিলাম।)

এই ছক থেকে আমরা দেখতে পাচ্ছি Past Indefinite Tense বা সাধারণ অতীত কালের ক্ষেত্রে subject বা কর্তার পর মূল verb-এর past form বসে।

Past Continuous Tense বা ঘটমান অতীতকালের ক্ষেত্রে subject বা কর্তার পর be verb-এর past form এবং মূল verb-এর সাথে ing যোগ করতে হয়।

Past Perfect Tense বা পুরাঘটিত অতীত কালের ক্ষেত্রে subject বা কর্তার পর had verb এবং মূল verb-এর past participle লিখতে হয়।

Past Perfect Continuous Tense বা পুরাঘটিত ঘটমান অতীত কালের ক্ষেত্রে subject বা কর্তার পর had been verb এবং মূল verb-এর সাথে ing যোগ করতে হয়।

Future Tense

Indefinite	Singular Subject	I shall play football. (আমি ফুটবল খেলব।)
	Plural subject	We shall play football. (আমরা ফুটবল খেলব।)
Continuous	Singular subject	I shall be playing football. (আমি ফুটবল খেলতে থাকব।)
	Plural subject	We shall be playing football. (আমরা ফুটবল খেলতে থাকব।)
Perfect	Singular subject	I shall have played before it begins to rain. (বৃষ্টি আরম্ভ হওয়ার পূর্ব পর্যন্ত আমি খেলব।)

Perfect	Plural subject	We shall have played before it begins to rain. (বৃষ্টি আরম্ভ হওয়ার পূর্ব পর্যন্ত আমরা খেলব।)
Perfect Continuous	Singular subject	I shall have been playing football before it begins to rain. (বৃষ্টি আরম্ভ হওয়ার পূর্বে আমি ফুটবল খেলতে থাকব।)
	Plural subject	We shall have been playing football before it begins to rain. (বৃষ্টি আরম্ভ হওয়ার পূর্বে আমরা ফুটবল খেলতে থাকব।)

এই ছক থেকে আমরা দেখতে পাচ্ছি Future Indefinite Tense বা সাধারণ ভবিষ্যৎ কালের ক্ষেত্রে subject-এর Person অনুযায়ী will বা shall এবং মূল verb-এর present form বসে।

Future Continuous Tense-এ subject-এর পর person অনুসারে shall be বা will be বসে এবং তারপর মূল verb-এর শেষে ing যোগ করতে হয়।

Future Perfect tense-এ subject-এর পরে person অনুসারে shall have বা will have বসে এবং মূল verb-এর Past participle ব্যবহৃত হয়।

Future Perfect Continuous Tense-এ যে কাজটি প্রথম হতে থাকবে সে কাজটির Subject-এর Number ও person অনুসারে Subject-এর পর shall have been বা will have been ব্যবহৃত হয় এবং পরে মূল verb-এর সাথে ing যোগ হয়। যে কাজটি পরে হতে থাকবে তার verb-এর Present Indefinite Tense হয়।

Note : *Past এবং Future Perfect Continuous-এর গঠন প্রণালী দেয়া হলেও বাক্যে এর ব্যবহার হয় না।*

বিভিন্ন Tense অনুযায়ী Verb-এর রূপ

Verb/ক্রিয়া	**Present /বর্তমান**	**Past/ অতীত**	**Future/ভবিষ্যৎ**
Do— করা	Do or Does	Did	Shall/will do
Eat— খাওয়া	Eat or Eats	Ate	Shall/will eat
Come — আসা	Come or Comes	Came	Shall/will come

Verb/ক্রিয়া	Present /বর্তমান	Past/ অতীত	Future/ভবিষ্যৎ
Read— পড়া	Read or Reads	Read	Shall/will read
Give — দেওয়া	Give or Gives	Gave	Shall/will give
Write— লেখা	Write or Writes	Wrote	Shall/will write
Run — দৌড়ান	Run or Runs	Ran	Shall/will run
Drink — পান করা	Drink or Drinks	Dranks	Shall/will drink
Sit— বসা	Sit or Sits	Sat	Shall/will sit
Make — তৈরি করা	Make or Makes	Made	Shall/will make
See— দেখা	See or Sees	Saw	Shall/will see
Sing— গান করা	Sing or Sings	Sang	Shall/will sing

EXERCISE (অনুশীলনী)

1. Tense কাকে বলে? উদাহরণ দাও।
2. Tense কত প্রকার? দুটি করে উদাহরণ দাও।
3. Present Tense কাকে বলে? উদাহরণ দাও।
4. Past Tense কাকে বলে? উদাহরণ দাও।
5. Future Tense কাকে বলে? উদাহরণ দাও।
6. সঠিক Tense-এর নিচে দাগ দাও ঃ

   প্রথমটি তোমাকে করে দেখান হল ঃ

   (a) Rahima is a beautful girl. (Present/Past/Future tense)
   (b) He will come tomorrow. (Present/Past/Future tense)
   (c) Nabil dug the field. (Present/Past/Future tense)
   (d) They play cricket. (Present/Past/Future tense)
   (e) She made a cake. (Present/Past/Future)
   (f) The girl sings a song. (Present/Past/Future)
   (g) I shall go. (Present/Past/Future)
   (h) She was dancing. (Present/Past/Future)

LESSON 21 THE USE OF CAPITAL LETTERS (দ্য ইউজ অফ ক্যাপিটাল লেটারস্) ঃ বড় হাতের অক্ষরের ব্যবহার

ইংরেজি ভাষায় দুই প্রকার Letter বা অক্ষর আছে; যেমন—

Capital Letter (বড় হাতের অক্ষর)— A, B, C, D ইত্যাদি।

Small Letter (ছোট হাতের অক্ষর) — a, b, c, d ইত্যাদি।

ইংরেজি ভাষা লেখার সময় সব জায়গায় Capital Letter লেখা যায় না। Capital Letter ব্যবহারের সুনির্দিষ্ট নিয়ম আছে। নিচে নিয়মগুলো দেওয়া হল ঃ

(1) Sentence-এর শুরুতে সব সময় Capital Letter হয়; যথা—

(a) He plays well. (সে ভাল খেলে।)

(b) They are poor. (তারা গরিব।)

(2) কোন ব্যক্তি, স্থান, পর্বত, নদী, সাগর ইত্যাদির নামের প্রথম অক্ষর Capital Letter হয়; যথা—

(a) Mizan is a good boy. (মিজান ভাল ছেলে।)

(b) Dhaka is a big city. (ঢাকা একটি বড় শহর।)

(c) The Meghan is a big river. (মেঘনা একটি বড় নদী।)

(d) The Himalayas is very high. (হিমালায় পর্বত খুব উঁচু।)

(e) The Pacific Ocean is very deep. (প্রশান্ত মহাসাগর খুব গভীর।)

(3) আল্লাহ্‌র নামের প্রথম অক্ষর অথবা উহার পরিবর্তে ব্যবহৃত Pronoun-এর প্রথম অক্ষর Capital Letter হয়; যথা—

(a) **God** is everywhere and **He** sees everything.

(b) May **Allah** bless you.

(4) ধর্মগ্রন্থ, পুস্তক, সংবাদপত্র এবং পত্রিকার নামের প্রথম অক্ষর Capital Letter হয়; যথা—

(a) The Quran is a holy book. (কোরান শরীফ একটি পবিত্র ধর্মগ্রন্থ।)

(b) The Functional English Grammar is a good book. (ফাংশন্যাল ইংলিশ গ্রামার বইটি ভাল।)

(c) I read The Daily Star. (আমি ডেইলি স্টার পড়ি।)

(d) I like The Times. (আমি টাইম পত্রিকাটি পছন্দ করি।)

(5) Pronoun 'I' সব সময় Capital Letter হয়; যথা —

(a) He and I are friend. (সে এবং আমি বন্ধু।)

(b) May I go out? (আমি কি বাইরে যেতে পারি?)

(6) দিন, মাস ও ছুটির দিনের প্রথম অক্ষর Capital Letter হয়; যথা—

(a) He will come on **Sunday**. (সে রবিবার আসবে।)

(b) **January** is the first month of the year. (জানুয়ারি বছরের প্রথম মাস।)

(c) The 16th December is a Government holiday.
(১৬ই ডিসেম্বর সরকারি ছুটির দিন।)

(7) ভাষা, বিষয় এবং জাতিবাচক word-এর প্রথম অক্ষর Capital letter হয়; যথা—

(a) Karim do not know Arabic. (করিম আরবি ভাষা জানে না।)

(b) English is a hard subject. (ইংরেজি কঠিন বিষয়।)

(c) I am a Bangladeshi. (আমি বাংলাদেশী।)

(8) ইংরেজি কবিতার প্রত্যেক লাইনের প্রথম অক্ষর Capital letter হয়; যথা—

(a) Red, red,
Go to bed,
Blue, blue,
I love you.

(9) চিঠির সম্বোধন Capital Letter দিয়ে শুরু হয়; যথা—
My dear Mother, Dear Sir.

EXERCISE (অনুশীলনী)

1. কোন কোন স্থানে আমরা Capital letter ব্যবহার করে থাকি? উদাহরণসহ পাঁচটি নিয়ম লিখ।

2. নিচের Sentence গুলোতে প্রয়োজন মত Capital Letter বসাও ঃ

(a) she reads in class three.	(a) ______
(b) we are bangladeshi.	(b) ______
(c) friday is a holy day.	(c) ______
(d) the padma is a river.	(d) ______
(e) the teacher teaches us english.	(e) ______
(f) nazmul reads the quran everyday.	(f) ______
(g) we read the daily ittefaq.	(g) ______
(h) it is a plate.	(h) ______

LESSON 22

PUNCTUATION MARKS (পাঙ্চুএইশন মার্কস) ঃ বিরাম চিহ্ন

'Punctuation Marks' শব্দের অর্থ বিরাম বা বিশ্রাম। আমরা একটানা কথা বলার সময় বা পড়ার সময় মাঝে মাঝে থেমে যাই বা দম নিয়ে থাকি। তেমনি লেখার সময় বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য আমরা বাক্যের মাঝে বা শেষে কম-বেশি থেমে থাকি। লেখার সময় এই থামাকে কতকগুলো চিহ্ন দিয়ে বোঝাতে হয়। এসব চিহ্নগুলোকেই ইংরেজিতে Punctuation Marks বা বিরাম চিহ্ন বলে।

Punctuation Marks–এর ব্যবহার ও নিয়ম

বিরাম চিহ্নের নাম	বিরাম চিহ্ন	ব্যবহারের নিয়ম
(1) Full stop (ফুট স্টপ)	(.)	যেখানে sentence শেষ হয় সেখানে সম্পূর্ণ থামা বোঝাতে Full stop ব্যবহৃত হয়; যেমন—Rahat is a good boy. He goes to school everyday.
(2) Comma (কমা)	(,)	Sentence-এ অতি অল্প সময়ের জন্য থামতে হলে Comma ব্যবহার করতে হয়। তাছাড়া এক জাতীয় একটির অধিক শব্দ পরপর থাকলে শেষটি ছাড়া বাকিগুলোর পর Comma বসে; যেমন— Baby, Come here. Koly, Rosy, Lopa and Ruby came here.
(3) Semi-colon (সেমিকোলন)	(;)	বাক্যে যেখানে কমার চেয়ে একটু বেশি সময় থামতে হয় সেখানে Semi-colon বসে; যেমন— Read carefully; otherwise you will not pass.
(4) Note of Interrogation (নোট অফ ইনটারোগেশন)	(?)	কোন কিছু জিজ্ঞাসা বা কোন প্রশ্ন বোঝালে সে বাক্যের শেষে Note of interrogation বসে; যেমন— What is your name? What class do you read in?

(5) Hyphen (হাইফেন)	(-)	দুই বা তার বেশি শব্দকে একত্র করতে মাঝে Hyphen বসাতে হয়; যেমন—Father-in-law.
(6) Dash (ড্যাশ)	(—)	কোন উদাহরণ দেয়ার ক্ষেত্রে Dash ব্যবহৃত হয়; যেমন—Article দুই প্রকার– Definite ও Indefinite
(7) Inverted Comma (ইনভার্টেড কমা)	(" ")	কারো কোন উক্তিকে অবিকল প্রকাশের জন্য Inverted Comma ব্যবহৃত হয়; যেমন— Galileo said, "The earth moves round the sun."
(8) Colon (কোলন)	(:)	কোন উদাহরণ, দৃষ্টান্ত ও ব্যাখ্যা প্রভৃতির পূর্বে Colon বসে; যেমন— There are two kinds of number : Singular and Plural.
(9)Apostrophe (আপসট্রফি)	(')	সম্বন্ধ বোঝালে কিংবা শব্দের মধ্যে কোন বর্ণ লোপ পেলে Apostrophe ব্যবহৃত হয়; যেমন— Kamal's pencil, I'll.
(10) Note of Exclamation (নোট অফ এক্সক্লামেশন)	(!)	যেসব বক্তব্য দ্বারা মনের দুঃখ, আনন্দ, আবেগ প্রকাশ পায়, সে সব বাক্যের শেষে Note of Exclamation বসাতে হয়; যেমন— Alas! I am undone.

EXERCISE (অনুশীলনী)

1. Punctuation কাকে বলে?
2. Full stop, Comma, Semi-colon এবং Note of Interrogation- এর ব্যবহার লিখ।
3. নিচের sentence গুলোতে Punctuation marks ব্যবহার কর :
   (a) Is he a great poet
   (b) I love him very much
   (c) The man said the earth moves round the sun
   (d) Tanjila Sabrina and Rafa are sisters
   (e) Hurrah we won the game
   (f) He said to me what is your name
   (g) The boy was healthy honest and intelligent

PART TWO

TRANSLATION

LESSON 1 INDEFINITE ARTICLES— "A and An"

সাধারণত শব্দের প্রথম অক্ষর **Consonant** হলে তার পূর্বে **'A'** বসে।	সাধারণত শব্দের প্রথম অক্ষর **Vowel** হলে তার পূর্বে **'An'** বসে।
একটি বালক — A boy.	একটি ডিম— An egg.
একটি বালিকা — A girl.	একটি কমলা — An orange.
একজন ছাত্র — A student.	একটি আপেল — An apple.
একটি বই — A book.	একটি ষাঁড়—an ox.
একটি বাড়ি — A house.	একটি ছাতা— An umbrella.
একটি কুকুর — A dog.	একটি কালির দোয়াত — An ink-pot.
একটি থলে — A bag.	একটি পিঁপড়া— An ant.
একজন শিক্ষক — A teacher.	একটি হাতি — An elephant.
একজন লম্বা মানুষ — A tall man.	একটি ঘন্টা — An hour.
একটি নতুন কলম — A new pen.	একটি গাধা — An ass.
একটি সাদা বিড়াল— A white cat.	একটি বাহু — An arm.
এটি একটি শিশু — This is a baby.	একটি পুরাতন বই— An old book.
এটি একটি চেয়ার — This is a chair.	এটি একটি পেঁচা— This is an owl.

শব্দের প্রথম অক্ষর Vowel হলে এবং উহার উচ্চারণ U-এর ন্যায় হলে, তার পূর্বে An না বসে A বসে।	
একটি ভেড়া — A ewe (ইউ).	একটি এক টাকার নোট — A one taka note.
একটি বিশ্ববিদ্যালয় — A university.	একটি প্রয়োজনীয় প্রাণি — A useful animal.
একজন ইউরোপিয়ান — A European.	

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

একটি বিড়াল। একজন বৃদ্ধ লোক। এটি একটি ছাতা। তিনি একজন শিক্ষক। এটি একটি লাল জামা। একটি গরু। সে ইউরোপিয়ান। একটি ভেড়ী। এটি একটি কালির দোয়াত। ইহা একটি আপেল।

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

A flower. A one-taka note. A red shirt. Tapu is a boy. It is an animal. A tree. She is a girl. This in an umbrella. A black cow. A mango.

LESSON 2 DEFINITE ARTICLE — "The"

1. কোন Singular ও Plural ব্যক্তি, বস্তু বা প্রাণিকে নির্দিষ্ট করে বোঝালে তার পূর্বে "The" বসে।

বালকটি — The boy.	আমটি মিষ্টি — The mango is sweet.
লোকটি — The man.	খাটো লোকটি— The short man.
মহিলাটি — The woman.	বইগুলো — The books.
বাক্সটি — The box.	আমগুলো — The mangoes.

2. জাতি বুঝাতে Noun এর পূর্বে "The" বসে। কিন্তু মানুষ জাতি বা ভাষা বোঝাতে "The" বসে না।

বাঙ্গালী জাতি — The Bangladeshi/ Bangalees.	ইংরেজি জাতি — The English.
মুসলমান জাতি — The Muslims.	পাখি জাতি — The bird.
গরু জাতি — The cow.	বাংলা ভাষা — Bengali/Bangla.
মানব জাতি — Man.	

3. চন্দ্র, সূর্য, পৃথিবী, আকাশ, দিক, পর্বত শ্রেণী, নদ-নদী, সাগর-উপসাগর, মহাসাগর, ধর্মগ্রন্থ, সংবাদপত্র ইত্যাদি নামের পূর্বে "The" বসে।

পৃথিবী — The earth.	পূর্বদিক — The east.
চন্দ্র — The moon.	পদ্মানদী — The Padma.

সূর্য— The sun.	কোরান শরীফ— The Quran.
আকাশ — The sky.	রামায়ণ — The Ramayana.
হিমালয় পর্বত — The Himalayas.	বঙ্গোপসাগর — The Bay of Bengal.
দৈনিক ইত্তেফাক — The Daily Ittefaq.	ভারত মহাসাগর — The Indian Ocean.

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

যমুনা নদী। আকাশ নীল। গরু উপকারী প্রাণী। ইংরেজ জাতি। বঙ্গোপসাগর। বাংলাদেশ টাইমস। মহিলাটি সুন্দর। বালকটি মোটা। বইটি ভাল। হিমালয় পর্বত।

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

The moon. The Muslims. The mangoes are sweet. The man is brave. The books. The west. The bird is flying in the sky. The house is new. The woman is poor. The daily Star.

LESSON 3 PARTS OF SPEECH (পদ)

Nouns

ঢাকা বাংলাদেশের রাজধানী — **Dhaka** is the capital of Bangladesh.
সূর্য পূর্ব দিকে ওঠে — **The sun** rises in the east.
ভাত আমাদের প্রধান খাদ্য — **Rice** is our staple food.
জাপান ধনী দেশ — **Japan** is a rich country.
রহিম ক্লাসের সবচেয়ে ভাল ছাত্র — **Rahim** is the best boy in the class.
আমি হাসান — I am **Hasan.**
এটি একটি কাঁঠাল — This is a **jackfruit.**
লোহা দরকারী ধাতু — **Iron** is a useful metal.
সালমান একজন বালক — **Salman** is a boy.
চাঁদ রাতে আলো দেয়— **The moon** shines at night.
সূর্য পশ্চিম দিকে অস্ত যায় — **The sun** sets in the west.
মধু মিষ্টি — **Honey** is sweet.
এটি একটি পুতুল — This is a **doll.**
চিনি সাদা — **Sugar** is white.
পানি খুব প্রয়োজনীয় — **Water** is very useful.

Pronouns

সে একজন মেয়ে — **She** is a girl.
আমি একজন বালক — **I** am a boy.
আমরা ছাত্র — **We** are students.
তারা খেলছে — **They** are playing.
তিনি আমার বাবা — **He** is **my** father.
আমি তাকে খুব ভালবাসি— **I** love **him** very much.
তিনি একজন শিক্ষক — **He** is a teacher.
তার কলমটি নতুন — **His** pen is new.
এটি তোমাদের গাড়ি — This is **your** car.
আমাদের বাড়িটি পুরান — **Our** house is old.

Adjectives

সে ভাল ছেলে — He is a **good** boy.
করিম সাহেব ধনী লোক — Mr. Karim is a **rich** man.
বরফ ঠাণ্ডা — Ice is **cold**.
সে সৎ লোক — He is an **honest** man.
এটি একটি লাল গাড়ি — This is a **red** car.
আমরা গরীব — We are **poor.**
আমাকে দশটি কলম দাও — Give me **ten** pens.
এই ফুলটি সুন্দর — This flower is **beautiful.**
পেন্সিলটি শক্ত — The pencil is **hard.**
আমাকে পাঁচ কেজি মাংস দাও — Give me **five** kg meat.

Verb

সে স্কুলে যায় — He **goes** to school.
নন্দিনী ভাত খায় — Nandini **eats** rice.
আমার সাথে আস — **Come** with me.
মিথ্যা কথা বলো না — Do not **tell** a lie.
সে আমাকে ডাকে — He **calls** me.
আমাকে এক গ্লাস পানি দাও — **Give** me a glass of water.
সে তোমাকে জানে — He **knows** you.
আমরা রাতে ঘুমাই — We **sleep** at night.
আমরা ঢাকায় থাকি — We **live** in Dhaka.
সে একটি বই পড়ে — He **reads** a book.

Adverb

সে খুব ভাল মেয়ে — She is a **very** good girl.
লোকটি ধীরে হাঁটে — The man walks **slowly.**
জামাল দ্রুত দৌড়ায় — Jamal runs **quickly.**
সে প্রতিদিন কোরান শরীফ পড়ে — He reads the Quran **daily.**
ঘোড়া দ্রুত দৌড়ায় — The horse runs **fast.**
আমি খুব সুখী — I am very **happy.**
সে সুন্দর গান গায় — She sings a song **sweetly.**
সে উচ্চৈস্বরে পড়ে — He reads **loudly.**
সে ভালভাবে কাজ করে — He does work **well.**
রতন সব সময় সত্য কথা বলে — Ratan **always** speak the truth.

Proposition

আমি তৃতীয় শ্রেণিতে পড়ি — I read **in** class three.
চেয়ারে বস — Sit **on** the chair.
বাবা আজ বাড়িতে আছেন — Father is **at** home today.
বিড়ালটি টেবিলের নীচে — The cat is **under** the table.
আমি কলম দিয়ে লেখি — I write **with** a pen.
সে আমার পাশে বসেছিল — He sat **beside** me.
চেয়ারটি জানালার কাছে — The chair is **near** the window.
সে আমার কাছে এসেছিল — He came **to** me.
আমি সংগীত প্রিয় — I am fond **of** singing.
শিক্ষক শ্রেণিকক্ষে আছেন — The teacher is **in** the class.

Conjunction

প্রভা এবং প্রমি দুই বোন — Prova **and** Promi are two sisters.
লোকটি গরিব কিন্তু সৎ — The man is poor **but** honest.
সে লাল এবং কাল রং পছন্দ করে — He likes red **and** black.
সে বাস অথবা গাড়িতে আসে — He comes by bus **or** by car.
আমি না আসা পর্যন্ত অপেক্ষা কর — Wait here **until** I return.
লোকটি খোঁড়া তাই যে হাঁটতে পারে না — The man is lame **so** he cannot walk.

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

আমার নাম রাহাত। তিনি একজন শিক্ষক। মিজান সাহেব ধনী লোক। মেয়েটি খুব সুন্দর। ছেলেটি লম্বা কিন্তু পাতলা। টেবিলের উপর দুটি আম আছে। ছেলেটি দ্রুত হাঁটে। লোকটি খুব ধার্মিক। সে ভাত খাচ্ছে। ঢাকা একটি বড় শহর।

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

The Buriganga is a river. She is Roma. The man is fat. Grapes are sour. We live in Bangladesh. The sky is blue. This is a new shirt. He hates her. Azam and Sanjoy are friends. She walks slowly.

LESSON 4 — VERB 'TO BE'– Am, is,are

Am, Is, Are- এর ব্যবহার

Affirmative (হ্যাঁ–বোধক)

আমি হই — I am.
আমরা হই — We are.
তুমি হও — You are.
তোমরা হও — You are.
এইগুলো হয় — These are.
ঐগুলো হয় — Those are.
আমি বালক — I am a boy.
আমরা ছাত্র — We are students.
তারা ধনী — They are rich.
এই একটি কুকুর — This is a dog.
ঐগুলো ফুল — Those are flowers.
তুমি বালিকা — You are a girl.
তোমরা গরিব — You are poor.
ইহা একটি বাক্স — It is a box.
তিনি একজন শিক্ষক — He is a teacher.

সে হয় — He is (পুং)/She is (স্ত্রী)
তারা হয় — They are.
ইহা হয় — It is.
এটা হয় — That is.
এই হয় — This is

***Note :** বাংলা বাক্যে কর্তার পরে হই, হও, হয় অথবা আছি, আছ, আছে থাকলে ইংরেজি বাক্যে কর্তার পরে am, is, are বসে। তবে, I-এর পরে 'am'; you, we, they-এর পরে 'are' এবং বাকী সব অর্থাৎ He, Any Name ইত্যাদির পরে 'is' বসে।*

Negative (না-বোধক)

আমি হই না — I am not.
আমরা হই না — We are not.
তুমি হও না — You are not.
তোমরা হও না — You are not.
আমি বালিকা নই — I am not a girl.
আমি দুঃখিত নই — I am not sad.
আমরা গরিব নই — We are not poor.
এটি গরু নয় — This is not a cow.
সে হয় না — He is not.
তারা হয় না — They are not.
ইহা হয় না— It is not.
এই হয় না — This is not.

***Note :** Negative (না-বোধক) বাক্যে am, is, are-এর পরে not বসাতে হয়।*

Interrogative (প্রশ্ন-বোধক)

আমি কি হই? — Am I?
আমরা কি হই? — Are we?
তুমি কি হও?— Are you?
তোমরা কি হও? — Are you?
তিনি কি শিক্ষক? — Is he a teacher?
সে কি দুর্বল — Is he weak?
সে কি হয়? — Is he?
আমি কি দুঃখিত? — Am I sad?
এটি কি গরু? — Is this a cow?
আমরা কি গরীব? — Are we poor?

***Note :** Interrogative (প্রশ্নবোধক) বাক্যে subject বা কর্তার পূর্বে am, is, are বসাতে হয়।*

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

সে সুখী। আমরা হই। আমরা গরিব নই। সে কি একজন ডাক্তার? এইগুলো গোলাপ। ঐটি আমার বই। তুমি কি ধনী? আমি ভাল আছি। তারা সুখী নয়। আমি ছাত্র নই।

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

He is kind. You are honest. I am poor. It is not. He is well. Are you a student? Are you? Is this a cat? He is not sad. It is not a bag.

LESSON 5 — VERB 'TO BE'— Was, Were

Was, Were-এর ব্যবহার

Affirmative (হ্যাঁ-বোধক)

আমি ছিলাম — I was.
ওটা ছিল — That was.
আমরা ছিলাম — We were.
তুমি বা তোমরা ছিলে— You were.
এটা ছিল — This was.
সে অনুপস্থিত ছিল — He was absent.
তোমরা সুখী ছিলে — You were happy.
আমরা ভাল ছিলাম — We were well.
আলী সাহেব ধনী লোক ছিলেন— Mr. Ali was a rich man.
কবীর অসুস্থ ছিল — Kabir was sick.

সে ছিল — She/He was.
এগুলো ছিল — These were.
তারা ছিল — They were.
ইহা ছিল — It was.
সালমান ছিল — Salman was.
ঐগুলো ছিল — Those were.

Note : *বাংলা বাক্যে ছিলাম, ছিল, ছিলে প্রভৃতি ক্রিয়া থাকলে ইংরেজি বাক্যে subject বা কর্তার পরে was বা were বসে। Subject একজন হলে অর্থাৎ I, He, It ইত্যাদি হলে was বসে। আর একজনের বেশি হলে were বসে। তবে তুমি বা তোমরা হলে তার সাথে সব সময় were বসে।*

Negative (না-বোধক)

আমি ছিলাম না — I was not.
সে ছিল না — He was not.
তারা ছিল না — They were not.
আমরা ছিলাম না — We were not.
তুমি বা তোমরা ছিলে না — You were not.
ইহা ভাল ছিল না — It was not good.
আমরা সুখী ছিলাম না — We were not happy.
লোকটি গরিব ছিল না — The man was not poor.
সে বোকা ছিল না — He was not foolish.
সে আমার বন্ধু ছিল না — He was not my friend.
জাহিদ অসুস্থ ছিল না — Jahid was not sick.
ঐ ফলগুলো পাকা ছিল না — Those fruits were not ripe.

Note : *Negative (না-বোধক) বাক্যে was, were-এর পরে not বসাতে হয়।*

Interrogative (প্রশ্নবোধক)

আমি কি ছিলাম? — Was I?
আমরা কি ছিলাম? — Were we?
তুমি বা তোমরা কি ছিলে? — Were you?
সে কি অনুপস্থিত ছিল? — Was he absent?
আমি কি সুখী ছিলাম? — Was I happy?
এই বইগুলো কি ভাল ছিল? — Were these books good?
করিম সাহেব কি ধনী ছিলেন? — Was Mr. Karim rich?
তারা কি নিদ্রিত ছিল? — Were they asleep?
সে কি ছিল? — Was he/ she?
তারা কি ছিল? — Were they?
এটা কি ছিল? — Was this?

Note : *Interrogative sentence-এ subject বা কর্তার পূর্বে was বা were বসাতে হয়।*

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

তুমি ছিলে। সাব্বীর ছিল। আমি ধনী ছিলাম। সাদমান অসুস্থ ছিল। লোকটি সুখী ছিল না। ছেলেটি ভাল ছিল না। তপু উপস্থিত ছিল। মেয়েটি কি সুন্দরী ছিল? সোমা কি দুর্বল ছিল? লোকটি কি অসৎ ছিল?

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

They were. I was. Those were apples. He was an honest man. They were brave. She was fat. Was he a tall man? Was I happy?

LESSON 6 VERB 'TO BE'— SHALL BE, WILL BE

Shall be, Will be-এর ব্যবহার

আমি হব — I shall be.
আমরা হব — We shall be.
তুমি হবে — You will be.
তোমরা হবে — You will be.
সে হবে — He will be.
তারা হবে — They will be.
এটি হবে — It will be.
এগুলো হবে — These will be.

আমি একজন শিক্ষক হব — I shall be a teacher.

সোনিয়া একজন সেবিকা হবে — Sonia will be a nurse.

তুমি সুখী হবে — You will be happy.

তারা অসুখী হবে — They will be unhappy.

সে আনন্দিত হবে — He will be glad.

আমরা ধনী হব — We shall be rich.

হাফিজ কবি হবে — Hafiz will be a poet.

কলি ডাক্তার হবে — Koly will be a doctor.

Note : *First person-এ 'I' ও 'We'-এর পরে shall be এবং Second ও Third person-এ will be বসে।*

কিন্তু বক্তার আদেশ, উপদেশ, দৃঢ় সংকল্প বোঝাতে First Person-এ shall-এর পরিবর্তে will এবং Second ও Third person-এ will-এর পরিবর্তে shall বসে; যেমন—

আমি সেখানে যাবই — I will be go there.

তুমি এই কাজটি করবেই — You shall be do the work.

রতন অলস হবে না — Ratan will not be lazy.

আমরা অসৎ হব না — We shall not be dishonest.

সে দুর্বল হবে না — He will not be weak.

ইহা উপকারী হবে না — It will not be useful.

আমটি মিষ্টি হবে না — The mango will not be sweet.

তুমি অসুখী হবে না — You will not be unhappy.

তারা দুঃখিত হবে না — They will not be sad.

আঙ্গুরগুলো মিষ্টি হবে না — The grapes will not be sweet.

Note : *Negative Sentence-এ 'not' shall be বা will be-এর মাঝে বসে।*

আমি কি ধনী হব? — Shall I be rich?

সে কি শিক্ষক হবে? — Will he be a teacher?

কবির কি ডাক্তার হবে? — Will Kabir be a doctor?

তারা কি অসৎ হবে? — Will they be dishonest?

আমটি কি মিষ্টি হবে না — Will the mango not be sweet?

টিপু কি মনোযোগী হবে না? — Will not Tipu be attentive?

Note : *Inerrogative Sentence করার সময় shall বা will subject-এর পূর্বে বসে। Negative-Interrogative করার সময় 'not' pronoun-এর পরে এবং Noun-এর পূর্বে বসে।*

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

সে হবে। তোমরা হবে। আমি একজন কবি হব। তারা ধার্মিক (pious) হবে। সে সৈনিক হবে না। আমরা কি সাহসী হব না? তুমি কি কাজটি করবে? এটি সত্যি হবে না।

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

He will be a teacher. They will be rich, I shall not be weak. We shall be. These will be. Kamal will not be attentive. They will not be sad. Shall I be a doctor? Will you not be a poet? Will they be dishonest?

LESSON 7 VERB 'TO HAVE'

Verb 'To Have'-এর Present Tense-এর রূপ হচ্ছে have বা has

Have ও Has-এর ব্যবহার

আমার আছে — I have.

এদের/তাদের আছে — They have.

আমাদের আছে — We have.

এর আছে — It has.

তোমার বা তোমাদের আছে — You have.

রাফাতের আছে — Rafat has.

তার বা তাহার আছে (পুং) — He has.

তার বা তাহার আছে (স্ত্রী) — She has.

আমার একটি বিড়াল আছে — I have a cat.

তাদের একটি বাড়ি আছে — They have a house.

রফিবুলের একটি গাড়ি আছে— Rakibul has a car.

তাহার একটি গরু আছে — He has a cow.

সকিনার দুটি পুতুল আছে — Sakina has two dolls.

গরুর একটি লেজ আছে — The cow has a tail.

আমার অনেক বই আছে — I have many books.

Note : *Present Tense বা বর্তমান কালে কিছু আছে বোঝালে Subject-এর পর have বা has বসে। Subject 'I', 'You' এবং একের বেশি হলে এর পরে have বসে আর Subject একজন হলে এর পর has বসে।*

B

আমার ঘড়ি নেই — I have no watch.

তার বই নেই — He has no book.

তাদের বাড়ি নেই — They have no house.

ফুলটির গন্ধ নেই — The flower has no smell.

মায়ার কোন বন্ধু নেই — Maya has no friend.

Note : *'Have' ও 'has'-এর পর 'no' বসিয়ে Negative করতে হয়।*

আমার কি ঘড়ি নেই? — Have I no watch?

তার কি কলম নেই? — Has she/ he no pen?

আমাদের কি বাড়ি আছে? — Have we a house?

জামিলের কি ছাতা নেই? — Has Jamil no umbrella?

তোমাদের কি বাগান আছে? — Have you a garden?

তাদের কি অনেক গাড়ি আছে? — Have they many cars?

Note : *'Have' বা 'has'-কে Subject-এর আগে বসিয়ে Interrogative করতে হয়।*

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :

আমার একটি কলম আছে। ইরফানের একটি কম্পিউটার আছে। তাদের বাড়ি নেই। সেলিমের অনেক টাকা আছে। মাকসুদ সাহেবের কি গাড়ি আছে? মিলটনের একটি বিড়াল আছে। তার কি বোন আছে? গাছটিতে কোন ফুল নেই। পাখির ডানা (wings) আছে। রুবির কি একটি আংটি আছে?

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :

I have no money. He has a ball. Have they two cows? You have no land. Has she no book? Karim has no enemy (শত্রু). These students have many books. Water has no colour. He has no kite. Have you a garden?

LESSON 8 VERB 'TO HAVE'

Verb 'To Have' এর Past Tense-এর রূপ হচ্ছে had

Had-এর ব্যবহার

আমার ছিল — I had.
আমাদের ছিল — We had.
তোমার বা তোমাদের ছিল — You had.
তাদের একটি বাড়ি ছিল — They had a house.
তার (স্ত্রী) একটি আংটি ছিল — She had a ring.
বালিকাটির একটি পুতুল ছিল — The girl had a doll.
তার (পুং বা স্ত্রী) ছিল — He/She had.
তাদের ছিল — They had.
নাজমুলের ছিল — Nazmul had.
আমার একটি বল ছিল — I had a ball.

Note : *অতীত কালে Subject বা কর্তার কাছে কিছু ছিল বোঝালে Subject-এর পর 'had' বসে।*

(B)

আমাদের বাড়ি ছিল না — We had no house.
তাদের টাকা ছিল না — They had no money.
আমার কাজ ছিল না — I had no work.

তার লাটিম ছিল না — He had no top.
আরিফার বোন ছিল না — Arifa had no sister.
Note : *'Had'-এর পর 'no' বসিয়ে Negative করতে হয়।*

C

তার কি ভয় ছিল না? — Had he no fear?
আমাদের কি কোন বাড়ি ছিল? — Had we any house?
আমার কি একটি বাঁশি ছিল? — Had I a flute?
রেবেকার কি খেলনা ছিল না? — Had Rebeka no toys?
তাদের কি একটি দোকান ছিল? — Had they a shop?
Note : *'Had'-কে Subject বা কর্তার আগে বসিয়ে Interrogative করতে হয়।*

EXERCISE (অনুশীলনী)

1. ইংরেজিতে অনুবাদ কর (Translate into English) :
আমাদের ছিল। কেয়ার ছিল। তমালের একটি ঘুড়ি ছিল। দিপুর কি একটি লাটিম ছিল? তাদের গাড়ি ছিল না। ইমদাদ সাহেবের একটি ঘোড়া ছিল। তার কোন বন্ধু ছিল না। রানার কি ছাতা ছিল না? তার পাঁচটি মেয়ে ছিল। বিপুল কি ভাল ছেলে ছিল?

2. বাংলায় অনুবাদ কর (Translate into Bangla) :
